




kids around the world™



KIDStory™

বাইবেলের কাহিনী প্রশিক্ষণ ম্যাগাজিন

বংশানুক্রমে এক পুরুষ অন্য পুরুষের কাছে তোমার ক্রিয়া সকলের প্রশংসা করিবে, তোমার পরাক্রমের কার্যসকল ধ্রুব করিবে।

গীতসংহিতা ১৪৫:৮

সূচিপত্র

পৃষ্ঠা

কিডস্টোরী প্রশিক্ষণ রূপরেখা	৩--৮
অধিবেশন ১	
• স্বাগতম	৫
• যৌগ শিশুদের আশীর্বাদ করলেন	৫--৬
অধিবেশন ২ঃ বাইবেলের কাহিনী কি?	
• সার্বজনীন	৭
• বাইবেলের কাহিনী কি	৭
• পাঠের ধরণ / কাঠামো	৮--৯
• পার্থক্যটা কি / কেন বাইবেলের কাহিনী?	১০
• কাহিনী বলতে শেখা	১১--১৫
অধিবেশন ৩ঃ কাহিনী / গল্প বলা	
• ঈশ্বরের পদ্ধতি	১৬
• বিতরণ	১৭--১৮
• প্রকাশভঙ্গির তালিকা	১৯
বাড়ীর কাজ	২০
অধিবেশন ৪ঃ উপাসনাভিত্তিক	২১--২২
অধিবেশন ৫ঃ কাহিনী বা গল্পের পুনরাবৃত্তি	
• খেলাধূলা	২৩
• আর্ট ও মিউজিক	২৪
অধিবেশন ৬ঃ হারানো মেষ	২৬
অধিবেশন ৭ঃ প্রশ্নসমূহ আবিষ্কার ও সাড়াপ্রদান	২৭--৩০
• নমুনা প্রশ্নসমূহ	২৮--২৯
অধিবেশন ৮ঃ চূড়ান্ত করণীয়	৩১--৩২
অধিবেশন ৯ঃ উৎসর্গ ও আশীর্বচন	৩৩
পরিশিষ্ট	৩৪

কিডস্টোরী প্রশিক্ষণ রূপরেখা

শুক্রবার

সন্ধ্যা ৬:৩০

সেকশন # ১ঃ স্বাগতম ও যীশু শিশুদের আশীর্বাদ করলেন পৃষ্ঠা ৫

মণি/রহু
গল্লের চার্ট
বল

- স্বাগতম
- অংশগ্রহণকারীদের নির্দেশনা প্রদান ও উদ্বোধনী
- কাহিনীর সূচনা
- গল্লের চার্টের মাধ্যমে পূণরাবৃত্তি করা
- খেলা পূণরাবৃত্তি
- প্রশ্নসমূহ

সন্ধ্যা ৭:৩০

সেকশন # ২ঃ বাইবেলের কাহিনী কি পৃষ্ঠা ৭

ভেলক্সো

- কাহিনী এবং এস.এস এর মধ্যে পার্থক্য
- পাঠের ধরণ / কাঠামো
- কাহিনী কি এবং কেন
- কাহিনী বলা এবং সূচনা জলের উপর দিয়ে হাঁটা
- কাহিনী বা গল্ল বলতে শেখা
- কাহিনী ক্রাফটিং করা

রাত ৮:১৫

সেকশন # ৩ঃ কাহিনী উপস্থাপন করা/বলা পৃষ্ঠা ১৬

সময়
নির্ণায়ক
কাপড়

- ঈশ্বরের পদ্ধতি
- বিতরণ

রাত ৯:০০

বিদায়

বাড়ীর কাজ - পৃষ্ঠা ২০

শনিবার

সকাল ৮:৩০

সেকশন # ৪: আরাধনা পৃষ্ঠা ২১

সকাল ৯:১৫

সেকশন # ৫: কাহিনীর পূণরাবৃত্তি পৃষ্ঠা ২৩

সময় নির্মায়ক
দড়ি
গল্লের শীট
রং
পোষ্টার
বোর্ড
পের-ডে
পাইপ পরিষ্কারক
ক্ষেত্রীরোর্ড গল্ল

- বিষয়বস্তুর সূচনা
- দড়ি / খেলার ব্যবহার
- কাহিনীভিত্তিক খেলা
- অনুশীলনের জন্য ছোট ছোট দল গঠন এবং কাহিনী পূণরাবৃত্তি করার বিভিন্ন পদ্ধতি ব্যবহার
 - গান লেখা
 - ক্ষেত্রীরোর্ড / গল্লের চিত্র
 - পাপেট
 - নাটিকা / অভিনয়
 - পোষ্টার
 - নাচ / মুখ অভিনয়
 - পাইপ পরিষ্কারক / প্লেডো
 - খেলা

সকাল ১০:১৫

বিরতী

সকাল ১০:৩০

সেকশন # ৬: হারানো মেষ পৃষ্ঠা ২৬

বেলা ১১:৩০

দুপুরের আহার

দুপুর ১২:০০

সেকশন # ৭: প্রশ্নের আবিষ্কার ও সাড়াপ্রদান পৃষ্ঠা ২৭

বীচ বল

- মাথা ও হাদয়
- সাড়াপ্রদান; দৃষ্টিপ্রদান

দুপুর ১২:৪৫

সেকশন # ৮: চূড়ান্ত বাড়ীর কাজ পৃষ্ঠা ৩১

দুপুর ২:১৫

সমাপ্তি এবং উৎসর্গ পৃষ্ঠা ৩৩

দুপুর ২:৩০

প্রশিক্ষকদের প্রশিক্ষণ (যারা আগ্রহী তাদেরকে)

দুপুর ৩:০০

বিদায়

অধিবেশন # ১

স্বাগতম এবং যীশু শিশুদের আশীর্বাদ করলেন

স্বাগতমঃ কিডস্টোরী প্রশিক্ষণে আপনাদের সবাইকে জানাই স্বাগতম। নিজের পরিচয় দিন এবং যদি দলটি ছোট হয়ে থাকে তাহলে প্রত্যেককে সুযোগ দিন যাতে তারা নিজেদের পরিচয় দিতে পারে এবং আলোচনা করতে পারে যে কেন তারা এই প্রশিক্ষণে এসেছেন। আমরা এখানে এসেছি কারণ আমরা বিশ্বাস করি যে শিশুরা খুবই গুরুত্বপূর্ণ এবং ঈশ্বরও তাই মনে করেন যে তারা খুবই মূল্যবান। তিনি চান যেন শিশু এবং বয়স্ক প্রত্যেকেই তাঁকে ব্যক্তিগতভাবে জানে। এই মূহূর্তে আমি আপনাদেরকে একটি কাহিনী বলতে যাচ্ছি কিন্তু তার আগে আমি চাই যেন আপনার দুইজন দুইজন করে হন এবং আপনাদের ছোটবেলার এমন কোন সময়ের কথা শেয়ার করুন যেখানে আপনি ভালবাসা ও স্বাগত বোধ করেন নাই।

শিশুদেরকে যীশুর আশীর্বাদ করার কাহিনী

শুরুঃ অংশগ্রহণকারীদেরকে দু'জন দু'জন করে দল গঠন করে দিন এবং সময় দিন যেন তারা তাদের ছোটবেলার এমন কাহিনী শেয়ার করতে পারে যেখানে তারা ভালবাসা ও স্বাগতম পায় নি।

লোকদের কল্পনাশক্তিকে আপনি যেভাবে দৃষ্টি-নিবন্ধন করতে চান তার জন্য পৃষ্ঠা ৩৬-এ বর্ণিত অংশগ্রহণকারীদের নির্দেশীকা ব্যবহার করতে পারেন যাতে তারা এমন ভাবে কাহিনীটি বলতে পারে যেন মনে হবে তারা এখন সেই স্থানে আছেন যেখানে ঘটনাটি ঘটেছিল। কে এবং তারা কি দেখতে পাচ্ছে? কি ঘটছে সেই ব্যাপারে গল্পের লোকেরা কেমন সাড়াদানকারী ছিল? তারা কি কোন গন্ধ পাচ্ছে? তারা কি কিছু অনুভব করতে পারছে? সেইসাথে আপনার ইচ্ছা থাকবে যেন সবাই অংশগ্রহণ করে। (যদি আপনার কাছে একটি ডায়মন্ড থাকে তাহলে আপনি সেটিকে এখানে দৃষ্টান্ত হিসাবে ব্যবহার করতে পারেন যে প্রত্যেকেরই কাহিনী নিয়ে একটি অনন্য দৃষ্টিভঙ্গি রয়েছে যা এটিকে জীবন্ত করে তোলে।) আমরা যখন আমাদের দৃষ্টিভঙ্গিকে শেয়ার করবো তখন আমরা একে অন্যের কাছ থেকে শিখতে পারবো। আসুন আমাদের জানা অন্য কোন বাইবেলীয় কাহিনী না টেনে বরং আজকের কাহিনীতে যুক্ত থাকি। যেমন এখন, শুধুমাত্র শোনেন এবং কল্পনা করেন-আপনাকে বাইবেল অনুসরণ করার প্রয়োজন নেই। তাই আপনি যদি কোন কাহিনী তুলে থাকেন তাহলে এখন আপনি তা বন্ধ করুন।

সূচনাঃ আমরা দেখতে পাই যে যীশু যুবক ও বয়স্ক সব ধরণের লোকদের সাথেই মিশতেন। তিনি এমন লোকদের সাথে মিশতেন যারা খুবই পছন্দনীয় এবং তিনি এমন লোকদের সাথেও মিশতেন যাদেরকে বেশিরভাগ লোক পছন্দ করে না। যীশু কয়েকজন লোককে বাছাই করলেন যেন তারা তাকে অনুসরণ করে। তাদেরকে যীশুর শিষ্য বলা হয়। তারাও যীশুর মত জীবন যাপন করতে শিখছিলেন। এই কাহিনীটি শোনেন যে কিভাবে যীশু এবং শিষ্যরা একটি নির্দিষ্ট জনগোষ্ঠীর প্রতি আচরণ করছিলেন। এই কাহিনীটি বাইবেল থেকে নেয়া এবং তাই আমরা জানি যে এটি সত্য। (এখন আপনি আপনার বাইবেলটি বন্ধ করতে পারেন এবং যেখানে দাঢ়িয়ে আপনি কাহিনী বলবেন তার পাশে রাখতে পারেন।)

কাহিনীটি বলুনঃ মার্ক ১০৪১৩-১৬

একদিন কয়েকজন পিতামাতা তারা তাদের শিশুদেরকে যীশুর কাছে নিয়ে আসলেন যেন তিনি তাদেরকে স্পর্শ করতে ও আশীর্বাদ করতে পারেন। কিন্তু শিষ্যরা তাহাদেরকে তাড়িয়ে দিলেন যেন তারা যীশুকে বিরক্ত না করে।

যখন তিনি এইসব দেখলেন তখন তিনি তাঁর শিষ্যদের উপর খুবই অসন্তুষ্ট হলেন। তিনি বললেন, “শিশুদিগকে আমার নিকটে আসিতে দাও, বারণ করিও না, কেননা ঈশ্বরের রাজ্য এই মত লোকদেরই। আমি তোমাদিগকে সত্য বলিতেছি, যে ব্যক্তি শিশুবৎ হইয়া ঈশ্বরের রাজ্য গ্রহণ না করে, সে কোন মনে তাহাতে প্রবেশ করিতে পারিবে না।” পরে তিনি তাহাদিগকে কোলে করিলেন, এবং তাহাদের উপরে হস্তাপ্ত করিয়া আশীর্বাদ করিলেন।

পূর্ণরাবৃত্তিঃ এই কাহিনীটি পূর্ণরাবৃত্তি করার জন্য কিডস ষ্টোরীবোর্ড ব্যবহার করুন।

প্রশ্নসমূহের আবিষ্কারঃ

- যখন কাহিনীটি বলা হচ্ছিল তখন আপনি কি লক্ষ্য করেছেন? এটি কি অনুভূতি জাগিয়ে তুলেছে?
- এই কাহিনীর কি/কোন বিষয়টি আপনার পছন্দ হয়েছে?
- এই কাহিনীতে কি আপনি শিশুদের দেখতে পান? তাদের মুখমণ্ডলে কি প্রকাশভঙ্গি ফুটে উঠেছে? আপনার কি মনে হয় শিষ্যদের আচরণে তারা কেমন বোধ করেছে? যীশুর আচরণে তারা কেমন বোধ করেছে?
- যীশুর কাছে শিশুদেরকে নিয়ে এসে পিতামাতারা তাঁর কাছে কি প্রত্যাশা করছিলেন?
- পিতামাতারা কি সিদ্ধান্ত নিয়েছিলেন? শিষ্যরা? যীশু? শিশুরা? এমন ভিন্ন কি সিদ্ধান্ত রয়েছে যা তারা নিতে পারতেন?
- এই কাহিনীটি ঈশ্বর/যীশুর সম্পর্কে আমাদের কাছে কি প্রকাশ করে?
- আপনার কমিউনিটি/সম্প্রদায়ের লোকেরা আর কিভাবে শিশুদের প্রতি শিষ্যদের মত আচরণ করছে? মণ্ডলী তাদের প্রতি কিভাবে আচরণ করছে?
- কিভাবে আমাদের মণ্ডলীগুলো শিশুদেরকে যীশুর কাছে আসতে বাধা প্রদান করছে?
- যীশুর কাছে আসতে আমি কিভাবে শিশুদেরকে বাধাপ্রদান করছি?

প্রশ্নসমূহে সাড়াপ্রদানঃ

- শিশুদের প্রতি ঈশ্বরের মনোভাব সম্পর্কে এই কাহিনী কি প্রকাশ করে?
- আপনি আজকে যা দেখছেন ও শুনছেন তার জন্য আপনার প্রতি ঈশ্বরের আহ্বান কি?
- আমাদের আলোচনা ও এই কাহিনী থেকে আপনি যা শিখেছেন তার কারণে পবিত্র আত্মা আপনাকে কি বলছেন বলে আপনি বোধ করেন?

অধিবেশন # ২

বাইবেলের কাহিনী কি? / গল্প শেখা

বাইবেলের কাহিনী শিক্ষা বনাম একটি সাধারণ সার্ভেক্যুল ক্লাস এর মধ্যে কি পার্থক্য অংশগ্রহণকারীরা দেখতে পেয়েছেন তা আলোচন করার মধ্যে দিয়ে অধিবেশন শুরু করুন।

বাইবেলের কাহিনী কি?

বাইবেলের কাহিনী শুধুমাত্র গল্প বলার থেকেও আরো বেশি কিছু। এটি শেখার একটি পরিবেশ তৈরী করে যা পরিত্র আত্মাকে সুযোগ দেয় যেন তিনি মানুষের হৃদয়ে কাজ করতে পারেন যাতে লোকেরা ব্যক্তিগতভাবে ঈশ্বরকে জানে, তাঁকে অনুসরণ করা অর্থ কি তা বোবে, তাঁর বাক্য থেকে শেখে যেন তাঁর কাহিনী বার বার লোকদেরকে বলতে পারে। কিডস্টোরী আপনার মত তাদেরকেই প্রশিক্ষণ দেয় যারা যীশু খ্রীষ্টের জন্য শিশুদেরকে জয় করতে এবং শিষ্য তৈরী করতে চায়। (ঈশ্বরের কাহিনী বলার মধ্যে দিয়ে ঈশ্বরকে এবং তাঁর পথ সম্পর্কে জানা হচ্ছে পারম্পারিক ক্রিয়াপ্রতিক্রিয়া সম্পর্কে অভিজ্ঞতা ও কথোপকথন)

সার্বজনীনতা

আপনি পৃথিবীর যেখানেই যান না কেন তাতে কিছু যায় আসে না কারণ এমন কিছু নির্দিষ্ট বিষয় রয়েছে যা সব স্থানে সব লোকের কাছেই সত্য। এটি কোন ব্যাপার নয় যে আপনি কোন সংক্ষিতিতে রয়েছেন, কিছু সার্বজনীন বিষয় রয়েছে যা সব ধরনের ও সব বয়সের লোকদের কাছেই গ্রহণযোগ্য। আপনি দেখতে পাবেন যে কিভাবে এই বিষয়গুলো খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠে যখন আমরা শিশুদের কাছে ঈশ্বরের বাক্য শিক্ষা দেব। এই বিষয়গুলো অন্তর্ভুক্তঃ

- পরিবার / অধিকারভুক্ত হওয়া
- মিউজিক
- খেলা / মজা
- আর্ট (শৈলিক, নাটকা, নৃত্য)
- গল্পসমূহ

আমরা আমাদের কাহিনীর সৌন্দর্যের জন্য ঈশ্বরকে চাই কিন্ত ঈশ্বর ভিন্ন আমাদের কাহিনী আপনার কাছে খুবই ছোট বলে মনে হবে। এবং আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা করি যেন তিনি নিজেকে আমাদের হোট কাহিনীতে সঙ্কুচিত হন কারণ আমাদের কাহিনী ঈশ্বরের এবং আপনার সময়ের কাছে ততটা মূল্যবান নয়। কিন্ত আপনি যদি ঈশ্বরের কাহিনীতে পা দেন-যদি আপনার জীবনে তাঁর কাহিনী প্রতিফলিত করেন-তাহলে আপনি একটি বিশাল কাহিনীতে প্রবেশ করবেন; এটি এমন এক কাহিনী যেখানে দুঃখজনক ঘটনা থেকেও সৌন্দর্য বের হয়ে আসে। এ্যারউইন ম্যাকমানুষ

পাঠের ধরণ

একটি নমুনা পাঠ কেমন হয়ে থাকে? আসুন দেখি কিভাবে আমরা শিশুদেরকে যীশুর আশির্বাদ করার কাহিনীটি বলেছি।

- **উদ্বোধনী :** এটি হল লোকদের একে অন্যের সাথে সম্পৃক্ত হওয়ার এবং অন্যকে ব্যক্তিগত কাহিনীগুলি বলার জন্য প্রারম্ভিক সময়। কোন কাজ অথবা প্রশ্নের মাধ্যমে এটি শুরু হতে পারে যা সরাসরি কাহিনীর সাথে যুক্ত নয় কিন্তু এটি লোকদেরকে সেই দিকে পরিচালিত হওয়ার জন্য আগ্রহী করে তুলতে পারে। আমি যা করেছিলাম তা হলো আপনার পাশের ব্যক্তির দিকে ঘুরে আপনার এমন কোন সময়ের কথা শেয়ার করতে বলেছিলাম যখন আপনি তালবাসা বা স্বাগত বোধ করেন নি। তারপর হলো....
- **সূচনাঃ** এটি হচ্ছে সবাইকে স্টোরের কাহিনীর জন্য প্রস্তুত করার সময়। এমন কোন পূর্ব কাহিনী আছে কि যা আপনি লোকদেরকে কাহিনী বলতে শুরু করার জন্য প্রস্তুত করেছেন? কাহিনী বোবার জন্য অথবা শেষের কাহিনী থেকে এই কাহিনীতে যুক্ত হওয়ার জন্য এমন কোন পূর্ব তথ্য তাদের প্রয়োজন আছে কি? আজকের সকালের কাহিনীতে আমি আপনাদেরকে বলেছিলাম যে কারা শিষ্য ছিল এবং জিজ্ঞাসা করেছিলাম যে যীশু এবং শিষ্যরা কিভাবে একটি নির্দিষ্ট জনগোষ্ঠীর প্রতি আচরণ করেছেন। এখন সময় হচ্ছে...

যদি উদ্বোধন ও সূচনা পর্বের মধ্যেকার পার্থক্য বুঝতে দলগুলোকে কোন কঠিন সময়ের মধ্যে পড়তে হয় তাহলে পৃষ্ঠা ৯-এর অনুশীলনের মধ্যে দিয়ে যান। বিবৃতিটি পড়ার পর তাদেরকে বলতে হবে যে এটি কোনটি।

- **কাহিনীটি বলুনঃ** এটা শ্রোতাদের জানাটা একটু জটিল যে কাহিনীটি বাইবেল থেকে এসছে এবং এটি সত্য। লোকদের অবশ্যই এই সময়ে তাদের বাইবেলগুলি বন্ধ থাকতে হবে এবং কাহিনী ও কাহিনীবর্ণনাকারীর দিকে দৃষ্টি থাকতে হবে। এরপর আমরা কাহিনীটি পূণ্যরায় বলতে চাই।
- **পূণ্যবর্ণনাঃ** এটি খুবই গুরুত্বপূর্ণ যে লোকেরা এখন কাহিনীটি পূণ্যবর্ণনা করবে যাতে যে কোন ধরনের ব্যাখ্যা ও বাইবেলীয় যথার্থতা থাকে। একটি পদ্ধতি হচ্ছে অংশগ্রহণকারীদেরকে তাদের বাইবেল খুলতে বলুন এবং শাস্ত্রাংশ থেকে কাহিনীটি পূণ্যরায় পড়তে বলুন। কেউ একজন কাহিনীটি পড়তে পারে অথবা নেতো ধারাবাহিক প্রশ্নগুলি করতে পারে যেগুলি সবাই সেই কাহিনীটিকে দেখে উত্তরগুলি দিতে পারে। আপনি ব্যক্তিগতভাবে অথবা দলীয়ভাবে অংশগ্রহণকারীদেরকে যুক্ত করার জন্য অন্যান্য করণীয়গুলি ও ব্যবহার করতে পারেন। শিশুদেরকে যীশুর আশির্বাদ করার কাহিনীতে আমরা ফ্লানেল বোর্ড ব্যবহার করে কাহিনীটি পূণ্যরায় বলেছিলাম। আপনি চাইলে কোন খেলা, কোন গান বা আর্ট কার্যক্রম ব্যবহার করতে পারেন। এর কোন কোনটা আপনি আমাদের সাথে সময় কাটাতে কাটতে পেয়ে যাবেন।
- **প্রশ্নসমূহ আবিষ্কার এবং সাড়দান :** প্রশ্ন জিজ্ঞাসা করা এবং কাহিনীটি সম্বন্ধে কথা বলতে সক্ষম হওয়ার বিষয়টি শেখার প্রক্রিয়ায় জটিল। আমরা কোন ঘটনাকে শিক্ষা দেবার ক্ষেত্রে সেই ঘটনাটির অনুভূতি এবং হৃদয় থেকে আসার বিষয়ে কথা না বলতেই অভ্যন্ত। একজন নেতো অবশ্যই তার দলকে সেই ঘটনাগুলিকে স্মরণ করার দিকে পরিচালিত করবেন যে স্টোর তাদের হৃদয়ে ও জীবনে কি করছেন। সাড়প্রদান করার ক্ষেত্রে, একটি অথবা দুইটি প্রশ্ন সেখানে থাকা উচিত যাতে তার মধ্য দিয়ে পরিত্র আত্মা আপনার দলের প্রত্যেকের সাথে কথা বলেন। বেশীরভাগ সহায়িকার একটি প্রয়োগ থাকে যা পাঠটিকে সামনের দিকে এগুতে সাহায্য করে। এটি কাহিনী বলার ক্ষেত্রে ভিন্ন। আমরা চাই যে পরিত্র আত্মা প্রয়োগের জন্য যেন প্রত্যেক ব্যক্তির সাথে কথা বলেন যা তাদের জন্য প্রয়োজন। আপনার দলের সদস্যদের কাছ থেকে বিভিন্ন ধরণের সাড়া প্রদানের বিষয়টি কোন অসাধারণ বিষয় হবে না। এটা ভাল বিষয়! স্টোর যা বলছেন তার প্রতি প্রত্যেক ব্যক্তি বাধ্য থেকে কিভাবে তা করছেন তা দেখবার জন্য সঙ্গাহণলোতে আসবার জন্য ফলো আপ করুন।

উদ্বোধন বনাম সূচনা

এলোমেলোভাবে নিচের বিবৃতিগুলো পড়ে যান এবং অংশগ্রহণকারীদেরকে বলার সুযোগ দেন যে বিবৃতিটি কি উদ্বোধনী নাকি সূচনা ।

উদ্বোধনী

- আপনি কি কখনো হারিয়ে গেছেন?
- সেই সময়টি কখন ছিল যখন আপনি কাউকে বিশ্বাস করেছেন যে সে আপনাকে সাহায্য করবে?
- এমন কি আছে যা হারালে আপনি সত্যিই দুঃখিত হবেন?
- আমাদেরকে এমন কোন সময়ের কথা বলুন যখন আপনি সত্যিই ভীত ছিলেন।
- যদি আপনার পৃথিবীর কোন স্থানে যাওয়ার সুযোগ থাকে তাহলে আপনি কোথায় যাবেন?

সূচনা

- যিন্দী লোকেরা শমরীয়দেরকে পছন্দ করতো না ।
- রূপক-কাহিনী হচ্ছে এমন ধরনের কাহিনী যা যীশু কোন শিক্ষা দেয়ার জন্য বলেছিলেন ।
- কুষ্ঠরোগ এখন এমন ধরনের রোগ যা আজ নিরাময়যোগ্য । কিন্তু যীশুর সময়ে লোকেরা তাদের প্রতি ভীত থাকতো যাদের কুষ্ঠরোগ ছিল । যদি আপনার এটি থাকতো তাহলে আপনাকেও অন্য সবার কাছ থেকে দুরে থাকতে হতো ।
- এই কাহিনীর আগে আমরা দেখতে পাই যে যীশু ৫০০০ লোককে খাওয়ালেন ।
-

পার্থক্যটা কিৎসা?

বাইবেলের কাহিনী বাইবেল দিয়ে শুরু হয় এবং পবিত্র আত্মাকে শিক্ষক হওয়ার সুযোগ দেয়। নেতার ভূমিকা থাকে একজন সঞ্চালক হিসাবে, বাইবেল শিক্ষক হিসাবে নয়। এর অর্থ কি? আমরা...

- অনুসন্ধান ও অভিজ্ঞতা বনাম ব্যাখ্যাঃ নেতা অংশগ্রহণকারীদেরকে বাইবেল থেকে কাহিনীটি পড়তে সাহায্য করেন কিন্তু তিনি এর কোন ব্যাখ্যা বা অর্থ শিক্ষা দেন না।
- সঞ্চালক বনাম শিক্ষা দেওয়াঃ এটি ছোট ছোট দলের নেতাদের জন্য কষ্টের হতে পারে। কাহিনীর সম্মতিক্রিয়াই কি ঘটেছিল এবং প্রশ্ন উত্তর দেয়ার মধ্যে সীমাবদ্ধ।
- শোনা বনাম বলাঃ নেতা হিসাবে আপনাকে পবিত্র আত্মা ও অংশগ্রহণকারীদের কথা শুনতে হবে এবং উত্তর দিতে উদ্বিগ্ন হওয়া যাবে না।
- কাহিনী বনাম প্রচারঃ কাহিনী পারম্পারিক ক্রিয়া-প্রতিক্রিয়া সম্বলিত যেখানে প্রচার হচ্ছে একমুখী কথোপকথন।

কেন বাইবেলের কাহিনী?

কেন আমরা শিশুদেরকে শিক্ষা দেয়ার জন্য বাইবেলের কাহিনী ব্যবহার করি?

- পৃথিবীর প্রায় ২/৩ অংশ লোক পড়ে না। তারা কাহিনীর মধ্যে দিয়ে শেখে।
- যীশু নিজেও কাহিনী / রূপক গল্পের মাধ্যমে শিক্ষা দিয়েছেন (মথি ১৩:৩৪)
- বাইবেলের প্রায় ৭৫% হচ্ছে কাহিনী বা গল্প।
- ঈশ্বরের বাক্য আমার বাক্য থেকে বেশি শক্তিশালী
- পবিত্র আত্মা ঈশ্বরের বাক্যের মধ্যে দিয়ে লোকদের জীবন পরিবর্তন করেন
- সার্বজনীনভাবে, সব লোকই কাহিনী পছন্দ করে। আপনি যে কোন স্থানে যে কারো সাথে এটি ব্যবহার করতে পারেন
- লোকেরা ঈশ্বরের বাক্য জানতে পারে এবং তাঁর আরো সন্ধিক্রট হতে থাকেন
- যারা যীশুকে জানে না তাদের কাছে শিশুরা ঈশ্বরের কাহিনী পূণ্যরায় বলতে পারেন

জলের উপরে যীশু ও পিতরের হাঁটার কাহিনী (মথি ১৪:২২-৩৩)

আসেন একসাথে পাঠ্টি প্রস্তুত করিঃ **অংশগ্রহণকারীদেরকে ৩-৪ জন করে দলে দলে ভাগ করে দিন।** এই দলগুলোতে আপনি তাদেরকে মথি ১৪:২২-৩৩ পদে লিখিত পিতর ও যীশুর জলের উপর দিয়ে হাঁটার কাহিনীটি পড়তে বলুন। তারা দলে যাওয়ার আগে আপনি তাদেরকে কাহিনীটি বলতে পারেন।

পড়ার পর, তাদের উদ্বোধনী ও সুচনা নিয়ে আসতে বলুন।

কাহিনী শেখা

এখন সময় হচ্ছে কাহিনী শেখার। মনেরাখবেন, এটি এমন একটি কাহিনী যা বলার জন্য, শুধুমাত্র মনে রাখার বিষয় নয়। যখন আপনি বাড়ী ফিরে যাবেন এবং এখানকার অভিজ্ঞতা সম্পর্কে লোকদেরকে যা বলবেন, সেই সবকিছু কি আপনি চিন্তা করছেন এবং মুখ্য করছেন? না! আপনি শুধুমাত্র সেই সমস্ত লোক ও ঘটনাগুলোকে স্মরণ করছেন যা আপনাকে প্রভাবিত করেছেন। এটি কেন ইশ্বরের কাহিনী থেকে ভিন্ন হবে? আমরা ইশ্বরের কাহিনীকে উত্তেজনার সাথে এবং অঙ্গভঙ্গির মধ্যে দিয়ে বলতে চাই যেন তা আমাদের দর্শকদের কাছে জীবন্ত মনে হয়। আমরা শুধুমাত্র চাই না যেন শিশুদের কাছে কাহিনীটি বলি এবং তারা খুঁজে পাক যে ইশ্বর কে এবং তাঁর কাজ সম্পর্কে জানুক, কিন্তু সেই সাথে আমরা চাই যেন শিশুরা অন্যদের কাছে কাহিনীটি পূণ্যরায় বলতে সক্ষম হয়!

প্রথমত আমাদের নিজেদেরকে প্রস্তুত করতে হবে...

আমাদের হৃদয় প্রস্তুত করা

আপনার হৃদয় কি সেই অবস্থানে রয়েছে যেখানে আপনি পবিত্র আত্মার কথা শুনতে ও সাড়াপ্রদান করতে পারেন? যদি তা না হয়, তাহলে কি করলে তা হবে?

- প্রার্থনাঃ আপনি যেভাবে ইশ্বরের সাথে কথা বলেন সেই ভাবে কি ইশ্বরকে সুযোগ দেন যেন তিনিও আপনার সাথে কথা বলতে পারেন?
- কাহিনীটি পড়ুনঃ আপনি কাহিনীটি কয়েকবার পড়ুন এবং সম্ভব হলে বিভিন্ন অনুবাদ থেকে পড়ুন। ইশ্বর আপনার কাছে কি প্রকাশ করছেন? কাহিনীটি কার সম্পর্কে লেখা? মনে রাখবেন, পবিত্র আত্মাই আপনাকে দেখিয়ে দিচ্ছেন কারণ তিনি আপনার হৃদয় প্রস্তুত করছেন। আপনি যে কাহিনী বলছেন পবিত্র আত্মা লোকদের কাছে তার থেকে একেবারে ভিন্ন কিছুও বলতে পারেন।
- দৃষ্টিভঙ্গিঃ যে শাস্ত্রাংশ থেকে শিক্ষা দেবেন তা নিয়ে চিন্তা করুন। পবিত্র আত্মা আপনার কাছে কি প্রকাশ করছেন? অংশগ্রহণকারীদের কি শোনা ও শেখা প্রয়োজন? কল্পনা করুন যে আপনি সেখানে আছেন-কি দেখতে পাচ্ছেন, কি গন্ধ পাচ্ছেন, কি শুনতে পাচ্ছেন-এটি কিসের মত মনে হচ্ছে? কার চরিত্রটি ভিন্ন এবং সেই অবস্থানে তাদের দৃষ্টিভঙ্গি কেমন? ইশ্বরের দৃষ্টিভঙ্গি কেমন? এই প্রশ্নগুলো উত্তর দিনঃ কে? কি? কখন? কোথায়? কেন? কিভাবে? শারীরিকভাবে সেই স্থানে নিজেকে স্থাপন করুন এবং তৃতীয় ব্যক্তি হিসাবে কাহিনীটি বলুন।

কাহিনীটিকে বিভক্ত করুন

এমন কি কি পদ্ধতি আছে যা আপনাকে কাহিনীটি স্মরণ রাখতে সাহায্য করবে? ভাল হয় যদি আপনি কাহিনীটিকে ৪ থেকে ৫টি দৃশ্যে বা চিত্রে বিভক্ত করে নেন। যখনই আপনি বিভিন্ন দৃশ্যের বা অবস্থানে চিত্র মনে করতে পারবেন তখনই আপনি সেই বিষয়ে কাহিনীটি আরো বিস্তৃত বলতে পারবেন।

এটি খুবই গুরুত্বপূর্ণ যে আপনি সেই ভাবেই কাহিনীটি বলবেন যেখানে বাইবেলে লেখা আছে। এটি অবশ্যই বাইবেলীয় ভাবে সঠিক হতে হবে। এর অর্থ হলো এই যে আমরা আমাদের নিজেরদের কোন শব্দ বা ধারণা কাহিনীর সাথে যুক্ত করতে পারবো না। এটি মুখ্যত করার মতো করে তোলেন যেন দর্শকরা কাহিনীর সাথে সম্পৃক্ত হতে পারে, কিন্তু তখনও ঈশ্বরের বাক্যকে সত্য ও ঠিক রাখতে হবে আমাদের কোন ধারণাকে নয়। পরিশেষে, আমরা চাই যেন প্রত্যেকেই কাহিনীটিকে ভাল করে শেখে যাতে তারা এটিকে অন্যদের কাছে পূরণায় বলতে পারেন।

এখানে কয়েকটি পদ্ধতি দেয়া হলো যার মাধ্যমে আপনি কাহিনী শিখতে পারেন। কাহিনী শেখার জন্য কোন সঠিক বা ভুল পদ্ধতি বলে কিছু নেই। আপনাকে এমন কোন পদ্ধতি খুঁজে বের করতে হবে যা আপনার জন্য সঠিক।

○ ঘটনাগুলোর তালিকা তৈরী

○ মাইন্ডম্যাপ (পৃষ্ঠা ১৩)


ষ্টোরীবোর্ড (পৃষ্ঠা ১৪)

- রুমের অবস্থানঃ বাইবেলের বিভিন্ন চরিত্র বা দৃশ্য গতিবিধিকে বোঝানোর জন্য রুমের চারিদিকে নড়াচড়া করতে পারেন। নিজেকে শারীরীকভাবে সেই অবস্থানে স্থাপন করে কাহিনী বলুন।
- হাতের ভঙ্গিমাঃ যেমনঃ সৃষ্টি বোঝাতে আপনি আপনার হাত দিয়ে গোল পৃথিবী তৈরী করে বোঝাতে পারেন।
- প্রধান শব্দসমূহঃ প্রত্যেকটি দৃশ্য বা ভাগের জন্য প্রধান শব্দ বাচাই করতে পারেন
- দৃশ্যতঃ ইউটিউব ভিডিও, ফ্লানেল ষ্টোরীবোর্ড, শিশুদের গল্লের বই (চিন্দ্রন ষ্টোরী বুক), ম্যাগাজিন

।এটি শুধুমাত্র কাহিনীর শব্দগুলোকে বলা নয় কিন্তু তার পরিবর্তে আপনার মনের চিত্র থেকে কাহিনীটি বলুন। এটি কাজ করে!

প্রশিক্ষক হিসাবে আপনিই পছন্দ করুন যে কোন পদ্ধতি আপনার জন্য কাহিনীটি স্মরণ রাখতে সবচেয়ে বেশি কার্যকরী।


তাদেরকে সাহায্য করা খুবই গুরুত্বপূর্ণ যাদেরকে আপনি পদ্ধতিগুলো ব্যবহার করতে প্রশিক্ষণ দিবেন যেন তারা তাদের পছন্দ অনুযায়ী পদ্ধতি বাচাই করে যা তাদের জন্য সবচেয়ে বেশি কার্যকরী এবং উৎসাহিত করুন যেন তারা তাদেরকেও একই বিষয়ে শিক্ষা দেয় যাদেরকে তারা পরিচালনা করবে। কাহিনী বলার জন্য যে ধরনের উপকরণই ব্যবহার করুন না কেন তার দিকে মনোযোগী হওয়া খুবই গুরুত্বপূর্ণ এই ভেবে যে কারো না কারো কাছে এটি খুবই আরামদায়ক ও সহজ হয়ে উঠবে। অংশগ্রহণকারীদের তাদের জন্য সবচেয়ে কার্যকরী পদ্ধতি আবিষ্কার করার সুযোগ দিন। সেই সাথে এটিও সত্য যে কিভাবে আপনি শিশুদের কাছে কাহিনীটি পূরণায় বলেন। ভিন্ন ভিন্ন পদ্ধতি ব্যবহার করে ভিন্ন ভিন্ন শিক্ষা পদ্ধতিতে শিশুদেরকে শিক্ষা দিন।



ষ্টোরীবোর্ডের ধরণ

বাইবেলের কাহিনী _____

বাইবেলের রেফারেন্স _____



কাহিনীকে রূপায়ন বা উপযোগী করে তোলা

ক্রাফটিং বা রূপায়ন হচ্ছে কোন কিছুকে নিয়ে তার মূল্য ও অর্থ বৃদ্ধি করা। এটি দক্ষতার সাথে করা হয় এবং এর জন্য খুবই যত্সহকারে মনোযোগ দিতে হয়। যখন আমরা কোন বাইবেলের কাহিনীকে রূপায়ন করবো তখন শাস্ত্রাংশ শুধুমাত্র মুখস্তই থাকবে না বরং নিচের বিষয়গুলোকে বিবেচনাপূর্বক কাহিনীটি বলা হবেঃ

- **প্রত্যাশিত জ্ঞানঃ** বাইবেলের লেখকগন এটা বুঝে বলেছেন ও লিখেছেন যে, যে লোকেরা এটা শুনবেন তাদের নিজেদের সংস্কৃতির প্রতি জ্ঞান থাকবে। উদাহরণঃ দয়ালু শমরীয়ের কাহিনীতে যিহুদীরা জানতো যে তারা শমরীয়দের কি কি অপছন্দ করেন। তারা সেটি জানতেন কিন্তু আমরা জানতাম না। এই বিষয়টি সুচনাতে উল্লেখ করা প্রয়োজন। যদি সম্ভব হয় তাহলে আপনার বিবৃতিকে আরো শক্তিশালী করতে অন্যান্য শাস্ত্রাংশের রেফারেন্স ব্যবহার করতে পারেন।
- **বয়সের যথার্থতাঃ** কাহিনীতে যে শব্দ বা ধারণা ব্যবহৃত হয়েছে তা কি ব্যাখ্যা ছাড়া শিশুরা বুঝতে পারবে? ভাল হবে যদি আপনি শিশুদের জন্য বিকল্প শব্দ ব্যবহার করেন কিন্তু কাহিনীটিতে বাইবেলীয় যথার্থতা বজায় রাখুন অথবা সুচনাতেই এর ব্যাখ্যা দিন।
- এমন কিছু যা প্রয়োজন নাও হতে পারেঃ কোন কোন বিষয় কাহিনীকে নিচের দিকে টেনে নিয়ে আসে এবং লোকেরা তাদের মনোযোগ হারিয়ে ফেলে যে কোনটি গুরুত্বপূর্ণ। কাহিনীতে সবার নাম, নাম্বার এবং অবস্থান মনে রাখা খুবই কষ্টসাধ্য বিষয় নয় কিন্তু তা অংশগ্রহণকারীদের মনোযোগ হারিয়ে ফেলবে।
- শুরুর এবং শেষের বিবৃতিঃ কোন ধরনের পটভূমি প্রয়োজন; পূর্বের কোন ঘটনার কি পৃণবর্ণনা প্রয়োজন?
- সাংস্কৃতিক বাধাসমূহঃ কাহিনী বলার সময় অংশগ্রহণকারীদের সংস্কৃতির প্রতি সংবেদনশীল থাকুন (কুয়ার কাছে মহিলার সাথে যৌন একাকি থাকা)।

প্রত্যেক অংশগ্রহণকারীদেরক ১০ মিনিট করে সময় দিন যেন তারা ব্যক্তিগতভাবে কাহিনীটি শেখার উপরে কাজ করতে পারে। এরপর তাদেরকে দু'জন দু'জন করে অথবা ছোট ছোট দলে ভাগ করে দিন যাতে তারা কাহিনীটি বলার সুযোগ পায়। কাহিনী বলাটাকে যেন উপভোগ করে সেই বিষয়ে জোড় দিন এবং এমন যেন না হয় যে তারা কাহিনীটি যেভাবে লেখা আছে ঠিক সেই ভাবেই পাইটুপাই বা লাইনের পর লাইন ধরে বলে গেছে।

অধিবেশন # ৩

কাহিনীটি বলুন

ঈশ্বরের পদ্ধতি

আসুন কাহিনী বলার পদ্ধতিতে এমন কিছু যোগ করি যা কাহিনীকে শিশুদের কাছে জীবন্ত করে তুলবে এবং শিশুরা বাইবেলের কাহিনী দ্বারা প্রভাবিত হবে। মনে রাখবেন, বাইবেলে যা লেখা আছে আমরা তা যথার্থ রাখাবো এবং নিজেদের কোন নতুন ধারণা যোগ করবো না। প্রথমত আসুন কিছু নীতিমালার দিকে লক্ষ্য রাখি যে ঈশ্বর কিভাবে তাঁর কাহিনী বলতেন। তিনি তাদের তৈরী করেছেন যেন তারা.....

- স্মরণীয়ঃ ঈশ্বর এমন ভাবে কথা বলতেন যাতে আপনি ভুলে না যান; বরং তা কাহিনীটিকে আমাদের উপভোগ বা অনুভব করতে সাহায্য করে। কয়েকটি উদাহরণঃ বন্যার পরে যে রংধনু ঈশ্বর আকাশে স্থাপন করেছেন এবং থোমা ফীশুর হাতের ক্ষত অনুভব করেছিল।
- অপ্রত্যাশিতঃ মাঝে মাঝে কিছু অপ্রত্যাশিত ঘটনা ঘটেছিল। কিছু উদাহরণঃ বালাম ও গাধা, মোশী ও জুলন্ত বোপ, শৌলের অঙ্গ হয়ে যাওয়া, বাইবেলের বিভিন্ন সুস্থিতার ঘটনা (নামান, খোড়া ও অঙ্গ লোক)। যেখানে আমরা একত্রিত হবো সেখানকার অবস্থান, বসার আয়োজন বা সিস্টেম, অথবা আলো বা অঙ্গকার দিয়ে সেইরূপ চিত্র তৈরী করার মধ্যে দিয়ে আমরা পরিবেশ পরিবর্তন করে দিতে পারি।
- বিভিন্ন .. ইন্দ্রিয় ব্যবহারঃ ঈশ্বর তাঁর কাহিনীগুলোকে স্মরণীয় করে রাখতে বিভিন্ন ইন্দ্রিয় বা জ্ঞান ব্যবহার করেছেন। যত বেশি জ্ঞান ও কার্যক্রম আমরা ব্যবহার করবো ততবেশি স্মরণীয় হয়ে উঠবে।
 - দৃষ্টিলক্ষ / দৃষ্টি-সংক্রান্তঃ বিশেষত আমরা দর্শন সংক্রান্ত লোক আর তাই এটি খুবই সাহায্যকারী হবে যদি আমরা এমন কিছু করি যাতে লোকেরা কাহিনীটি দেখতে পায়
 - উপকরণঃ

প্রত্যেকটি দলে কিছু ফ্যাব্রিক বা কাপড় দিন যেন তারা খুঁজে বের করে যে কিভাবে তারা এটিকে যৌগ ও পিতরের জলের উপরে হাঁটার কাহিনীতে ব্যবহার করতে পারে।

- কিডস ষ্টোরীবোর্ড (এই বিষয়ে আমরা পরে আরো আলাপ করবো)
- কস্টিউমস / পোষাক

- স্পর্শঃ উদাহরণঃ কোন উপকরণ ধরে থাকা বা চারিদিকে ঘুরানো, শিশুদের গায়ে জল ছিটানো
 - শোনাঃ উদাহরণঃ সাউন্ড ইফেক্ট; বৃষ্টির শব্দ তৈরী করতে হাতের ঘর্ষন
 - গন্ধঃ উদাহরণঃ আগুন জ্বালানো, দেখার ও গন্ধের জন্য মাছ
 - স্বাদঃ উদাহরণঃ স্বাদের জন্য খাবার (মানা)
- সাথে বাস করাঃ যীশু তাঁর শিষ্যদের সাথে জীবন কাটিয়েছেন-তিনি শুধুমাত্র তাদেরকে শিক্ষাই দেন নি কিন্তু তাদের জন্য আদর্শ হয়েছেন। তিনি নিজেকে উন্নত করেন নি কিন্তু তিনি তাদের সেবা করেছেন। কিভাবে আমরা সেই একই কাজ করতে পারি? অনেক সময় শুধুমাত্র আমাদের অঙ্গভঙ্গি এবং ব্যবহার শিশুদেরকে এটি বুঝাতে সাহায্য করে যে যীশু কে ছিলেন এবং কিভাবে তিনি বাইবেলের কাহিনীগুলোতে লোকদের প্রতি সাড়াপ্রদান করেছিলেন।

দলগুলোকে ৩ মিনিট করে সময় দিন যেন তারা যতগুলো পারে বাইবেলের কাহিনী খুঁজে বের করে যা বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে।

কাহিনী বলার বিভিন্ন পদ্ধতি


- প্রথম ব্যক্তিঃ যেন মনে হয় যে আপনি কাহিনীর একটি চরিত্রে ছিলেন
- তৃতীয় ব্যক্তিঃ একজন কাহিনী বর্ণনাকারী হিসাবে
- আঁকাআঁকির কাজঃ কাগজ, রং, মার্কার
- উপকরণঃ কাপড়, স্প্রে বোতল
- নাটক
- হাতের ভঙ্গি
- দর্শকদের অংশগ্রহণ
- কেউ একজন কাহিনীটি পড়বে যখন অন্য একজন কাহিনীটি অভিনয় করে দেখাবে

বিতরণঃ


- চলাফেলা/অবস্থান পরিবর্তনঃ আপনার চেয়ারে লেগে থাকবেন না। আশেপাশে হাঁটাচলা করুন বিশেষ করে তখন যখন কাহিনীতে স্থানের পরিবর্তন হয়।
- অঙ্গভঙ্গঃ আপনার মুখমণ্ডলের ভাবভঙ্গ কাহিনী বিশ্বাস করতে সাহায্য করবে। যদি আপনার প্রকাশভঙ্গ থাকে তাহলে আপনাকে খুব বেশি বলতে হবে না। অংশগ্রহণকারীদেরকে তাদের সঙ্গীর দিকে ফিরতে বলুন। পরবর্তী পৃষ্ঠায় যে প্রকাশভঙ্গগুলো রয়েছে তা ব্যবহার করুন। একজন ৫টি ভঙ্গি বাছাই করবে যা অন্যজন করে দেখবে। তারপর বিপরীত জনকেও একই কাজ করতে বলুন। ব্যতিক্রম হিসাবে একজন বিভিন্ন ধরনের ভঙ্গি করবে অন্যজনকে ধারণা করে বলতে হবে যে তা কি ছিল।
- দর্শক / অংশগ্রহণকারীদের অংশগ্রহণঃ কাহিনী বলার সময় একজন বা সব শিশুদেরকে কাহিনীতে সম্পৃক্ত করাটা অনেকসময় খুবই মজার বিষয়। এটি এভাবে হতে পারেঃ
 - একই ধরনের শব্দ বা শব্দগুচ্ছ যা অংশগ্রহণকারীরা বলবে বা তাতে সাড়াপ্রদান করবে
 - শারীরিক অঙ্গভঙ্গ
 - সাউন্ড ইফেক্ট
 - গান
 - সক্রিয় অংশগ্রহণঃ সম্পূর্ণ বা কাহিনীর বিভিন্ন অংশ অভিনয় করে দেখান
- কর্তৃপ্রবরঃ কর্তৃপ্রবর কাহিনীকে জীবন্ত করে তোলে। ক্লাশরমে বা দলে কি একদেয়োমি উৎপন্ন করে---#১ উত্তর হচ্ছে একই ধরনের কর্তৃপ্রব। নিচের বিষয়গুলো দিয়ে দ্রষ্টান্ত দিনঃ
 - উচ্চারণ/কথা
 - কথার উচ্চতা/মাত্রা
 - বিরতীঃ কোন আলোচনা বা কাহিনীর জন্য এটি হতে পারে খুবই কার্যকরী পদ্ধতি। নীরব হতে ভয় পাবেন না। এটি পবিত্র আত্মাকে নিরবে কাজ করতে সাহায্য করে এবং কাহিনীর বিভিন্ন বিষয় মাথায় প্রবেশ করতে সাহায্য করে।
 - গতিঃ এমন গতিতে কাহিনী বলুন যেন শিশুরা কাহিনীর বিষয়বস্তু অনুসরণ করতে পারে।

দুইজন দুইজন করে অথবা ছোট ছোট দলে ভাগ করে দিন এবং প্রত্যেক ব্যক্তিকে বলুন যেন তারা জলের উপরে যীশু ও পিতরের হাঁটার কাহিনী বলেন কিন্তু এসময় তারা কিছু কাহিনী বলার কৌশল অবলম্বন করবেন। এটি বাধ্যতামূলক যে লোকেরা বাইবেলের কাহিনী ঠিকভাবে বলবেন এবং কোনভাবে নিজেদের ধারণা বা প্রয়োগকে যোগ করার চেষ্টা করবেন না।


বিরতীর আগে এবং পরে একজন করে সুযোগ দিন যেন তারা কাহিনীটি বলতে পারে




আত্মবিশ্বাসী




বিভ্রান্ত




দোষী




খুশী




হতাশ




দৃঃখার্ত



অশৰ্মী




ক্লান্ত




দুষ্ট



ভীত




রাগান্বিত




নিঃসঙ্গ



ভালবাসার



উদ্বিগ্ন



হিংসা

হাতের/বাড়ীর কাজ

এটি একটি হাতের কাজ যা পরবর্তী অধিবেশন শুরু করার আগে করা প্রয়োজন। লুক ১৫:১---৭ পদে হারানো মেষের যে কাহিনী রয়েছে তা পড়ুন। কয়েকবার কাহিনীটি পড়ুন এবং বিভিন্ন অনুবাদ থেকে পড়ার চেষ্টা করুন। যদি সম্ভব হয় তাহলে ওয়ার্কশপে ফিরে আসার আগে কাহিনীটি অন্যদের কাছে বলতে চেষ্টা করুন।

বাইবেলের কাহিনী-হারানো মেষ (লুক ১৫:১---৭)

তখন অনেক কর আদায়কারী ও খারাপ লোকেরা যীশুর কথা শুনবার জন্য তাঁর কাছে আসল। এতে ফরীশিরা ও ধর্ম শিক্ষকেরা এই বলে বিরক্তি প্রকাশ করতে লাগলো, “এই লোকটা খারাপ লোকদের সঙ্গে মেলামেশা ও খাওয়া দাওয়া করে”।

তখন যীশু তাদের শিক্ষা দেওয়ার জন্য এই কাহিনীটি বললেনঃ

মনেকরুন, আপনাদের মধ্যে কোন একজনের একশটা ভেড়া আছে। যদি সেই ভেড়াগুলোর মধ্যে একটা হারিয়ে যায়, তবে কি সে নিরানবহইজন মাঠে ছেড়ে দিয়ে সেই একটাকে খুঁজে না পাওয়া পর্যন্ত তার খোঁজ করে না? সেটা খুঁজে পেলে পর সে খুশি হয়ে তাকে কাঁধে তুলে নেয়। পরে বাড়ী গিয়ে তার বন্ধু-বন্ধব ও প্রতিবেশীকে ডেকে বলে, ‘আমার সঙ্গে আনন্দ কর, কারণ আমার হারানো ভেড়াটা আমি খুঁজে পেয়েছি।’

আমি আপনাদের বলছি, ঠিক সেইভাবে যারা পাপ থেকে মন ফিরাবার দরকার মনে করে না তেমন নিরানবহইজন ধার্মিক লোকের চেয়ে বরং একজন পাপী পাপ থেকে মন ফিরালে স্বর্গে আরও বেশি আনন্দ হয়।

কাহিনীটি বলুনঃ কিভাবে আপনি কাহিনীটি সবচেয়ে ভাল মনে রাখতে পারবেন? কাহিনী বলার এমন কি পদ্ধতি আপনি ব্যবহার করবেন যা কাহিনীটিকে আরো জীবন্ত করে তুলবে এবং শিশুরা কাহিনীতে তাদের মনোযোগ দিবে?

অধিবেশন # ৪

উপাসনাঃ যীশু যেভাবে করতেন সেইভাবে করা মার্ক ৬০৭---১৩

অংশগ্রহণকারীদেরকে শুভেচ্ছা জানান এবং যদি সময় থাকে তাহলে আগের দিন তারা কি অভিজ্ঞতা পেয়েছে তা শুনতে পারেন। আজকের দিনটা শুরু করার আগে আমি আপনাদের কাছে আরেকটি কাহিনী বলতে চাই এবং লক্ষ্য রাখুন যে যীশুর নামে যখন আমরা পরিচর্যা করি তখন তিনি আমাদের কাছে কি প্রত্যাশা করেন।

শুরুঃ (আপনার সঙ্গীর দিকে ফিরছন এবং শেয়ার করছন)

এমন কোন সময় যখন ঈশ্বর আপনাকে শক্তিশালিভাবে ব্যবহার করেছেন।

অথবা

এমন কোন সময় যখন আপনি খুবই হতাশাগ্রস্থ ছিলেন কারণ আপনি কিছু একটা করতে চেয়েছিলেন কিন্তু প্রয়োজনীয় সমস্ত যন্ত্রপাতী বা উপকরণের অভাবে আপনি তা করতে পারেন নাই।

সূচনাঃ

যীশু বিভিন্ন গ্রামে শিক্ষা দিতেন এবং লোকদেরকে সুস্থ করতেন। তিনি তাঁর নিজ গ্রাম নাজারথে ফিরে এলেন এবং দেখলেন যে তিনি যে ঈশ্বরের সন্তান এ ব্যাপারে লোকদের খুবই কম বিশ্বাস রয়েছে। এর কারণে, তিনি খুব অল্প লোকদেরকে সুস্থ করতে পারলেন। মার্ক পুস্তকের এখান থেকেই আমরা আমাদের আজকের কাহিনীটি তুলে আনবো।

কাহিনীটি বলুনঃ

পরে তিনি সেই বারোজন শিষ্যকে নিজের কাছে ডাকলেন এবং প্রচার করবার জন্য দু'জন দু'জন করে পাঠিয়ে দিলেন। তিনি মন্দ আত্মাদের উপরে তাঁদের ক্ষমতা দিলেন। যাত্রাপথের জন্য একটা লাঠি ছাড়া আর কিছুই তিনি শিষ্যদের নিতে দিলেন না। রুটি, থলি, কোমর-বাধনীতে পয়সা পর্যন্ত নিতে তিনি তাদের বারণ করলেন। তিনি তাদের জুতা নিতে বললেন বটে কিন্তু একটার বেশি জামা পড়তে নিষেধ করলেন। তিনি তাদের আরো বললেন তোমরা যে বাড়ীতে চুকবে সেই গ্রাম ছেড়ে না যাওয়া পর্যন্ত সেই বাড়ীতেই থেকো। কোন জায়গায় লোকেরা যদি তোমাদের গ্রহণ না করে কিন্তু তোমাদের কথা না শোনে, তবে সেই জায়গা ছেড়ে চলে যাবার সময়ে তোমাদের পায়ের ধুলা বেড়ে ফেল যেন সেটাই তাদের বিরুদ্ধে স্বাক্ষ্য হয়। তখন শিষ্যরা গিয়ে প্রচার করতে লাগলেন যেন লোকেরা পাপ থেকে মন ফিরায়। তারা অনেক মন্দ আত্মা ছাড়ালেন এবং অনেক অসুস্থ লোকের মাথায় তেল দিয়ে তাদের সুস্থ করলেন।

পূণরাবৃত্তি/পুণবর্ণনাঃ

দড়ি বা তার ব্যবহার করুন এবং “দ্রুম” কার্যক্রমটি করান। যখনই দড়িটি একজন অন্যজনের কাছে দিতে থাকবে এবং আপনি বলবেন থাম, তখন যে ব্যক্তি দড়ির গিট / জটটি ধরে থাকবে সে কাহিনীর পরবর্তী অংশ বলবে।

প্রশ্নসমূহ আবিষ্কারঃ

- কাহিনীর কোন বিষয়টি আপনার ভাল লেগেছে?
- কাহিনীতে এমন কোন নতুন কিছু কি আছে যা আপনি আগে কখনো শুনেন নি?
- শিষ্যদের কি কি নিতে নিষেধ করা হয়েছিল?
- তাদের কাছে কি ছিল?
- কাহিনীতে যা কিছু ঘটেছে তার মধ্যে কি আপনাকে আশ্চর্য করেছে?
- ঈশ্বরের কাজ করতে গিয়ে আপনি কিসের উপরে নির্ভর করবেন বলে ঠিক করেছেন?
- ঈশ্বর আপনাকে যেভাবে তাঁর পরিচর্যায় ব্যবহার করতে চান তার জন্য এই কাহিনী আপনাকে কিভাবে প্রসারিত করেছে?

সাড়াপ্রদানমূলক প্রশ্নসমূহঃ

- এই কাহিনী শোনার পর এখন পরিত্র আত্মা আপনার কি করতে বলছেন?
- কি কি জায়গা আছে যেখানে ঈশ্বর চান যেন আপনি তাঁর উপরে নির্ভর করেন নিজের উপরে নয়?

অধিবেশন # ৫

কাহিনীটি পুনরায় বলুন

এটি খুবই গুরুত্বপূর্ণ যে অংশগ্রহণকারীরা এখন ব্যাখ্যা ও বাইবেলীয় যথার্থতা সহকারে কাহিনীটি পুণরায় বলবে। একটি পদ্ধতি হচ্ছে যদি অংশগ্রহণকারীদের কাছে বাইবেল থাকে তাহলে তাদেরকে বাইবেল খুলতে বলুন এবং শাস্ত্র থেকে কাহিনীটি পুণরায় পড়তে বলুন। কেউ একজন কাহিনীটি পড়তে পারে অথবা নেতা ধারাবাহিক প্রশংগলি করতে পারে যেগুলি সবাই সেই কাহিনীটি দেখে উন্নতগুলি দিতে পারে। শিশুদেরকে বাইবেলের কাহিনীটি যুক্ত করে রাখতে এই ধরনের দলীয় কাজগুলো খুবই সাহায্যকারী হয়ে উঠতে পারে। এটি তাদেরকে কাহিনীটি স্মরণ রাখতে সাহায্য করবে যাতে তারা অন্য কারো কাছে কাহিনীটি পুণরায় বলতে পারে।

কে স্মরণ করতে পারে যে প্রত্যেকটি সংক্ষিতে কেন বিষয়টি সার্বজনীন? (যুক্ত হওয়া, খেলাধূলা, মিউজিক, আর্ট এবং কাহিনী) এই বিষয়গুলো আমরা আমাদের কাহিনীটি পুণরায় বলার ক্ষেত্রে ব্যবহার করতে পারি। বিশেষ করে শিশুদের ক্ষেত্রে, আপনি যা করছেন সেই বিষয়ের উপরে মনোযোগ ধরে রাখতে খেলাধূলা তাদেরকে খুবই সাহায্য করে থাকে। আমরা এখন কয়েকটি সাধারণ খেলা করতে যাচ্ছি যা আপনি যে কোন স্থানে করতে পারবেন।

দলীয় ভাবে অথবা কয়েকজন অংশগ্রহণকারীদেরকে নিয়ে প্রত্যেকটি খেলা দ্রষ্টান্তস্বরূপ ব্যাখ্যা করে দিন।

- **দড়িঃ** নিচে একটি প্রস্তাবনার তালিকা দেয়া হল যে কিভাবে একটি দড়ি কাহিনী পুণরায় বলার ক্ষেত্রে ব্যবহৃত হতে পারে। প্রথম প্রস্তাবনা দুটি ব্যবহার করার জন্য অংশগ্রহণকারীদেরকে একটি বড় গোল হয়ে দাঢ়াতে বলুন এবং “ভ্রম” পদ্ধতি ব্যবহার করার মধ্যে দিয়ে জলের উপরে যীশু ও পিতরের হাঁটার কাহিনীটি বলুন।
 - একসাথে একটি গোল / বৃত্ত তৈরী করতে চেষ্টা করাঃ যদি আপনি দলটি নিয়ে একটি গোল / বৃত্ত তৈরী করতে চান তাহলে এটি হচ্ছে তা করার জন্য খুবই সহজ একটি পদ্ধতি।
 - “ভ্রম”: যখন প্রত্যেকে মিলে একটি বৃত্ত/গোল তৈরী করতে তখন তাদের হাতে থাকা দড়ির বাস্তিলটি যে কোন একদিকে ছুড়ে দিবে। যখন তারা এটি করবে তখন তারা “ভ্রম” বলে শব্দ করবে এবং যখন আপনি তাদেরকে থামতে বলবেন তখন যে লোকের কাছে দড়ির বাস্তিলটি থাকবে তাকে প্রশ্নের উন্নত দিতে হবে।
 - যদি এটি দড়ির বাস্তিল না হয় তাহলে এটি হবে.....: দড়ির গিট খুলে ফেলুন এবং সুতা পেচিয়ে লম্বা পাকানো দড়িতে পরিনত করুন। শিশুরা এই দড়ি দিয়ে বিভিন্ন ধরনের চিত্রে / দৃশ্যের কাঠামো তৈরী করবে যা এই কাহিনীর সাথে সম্পর্কযুক্ত।
- **টাইমারঃ** সময় নির্ধারণ করে এমন কিছু ডিভাইজ বা যন্ত্র ব্যবহার করল্লাঃ হাতঘড়ি, বড় ঘড়ি, ডিস্কাবার টাইমান, অথবা ধারাবাহিক কোন নির্দিষ্ট নামার, এবং পরীক্ষা করে দেখুন যে শিশুরা সঠিক সময়ের মধ্যে কাহিনীটি পুণরায় বলতে পারে কি না।
- **বলঃ** বলটি একপাশ থেকে অন্যপাশে পাশ করা যেতে পারে অথবা কাউকে আঘাত না করে স্বুড়িয়ে মারা যেতে পারে। এটি যে শুধুমাত্র বাইবেলের কাহিনীকে পুণরায় ধারাবাহিকভাবে বলতে ব্যবহৃত হতে পারে তা নয় বরং
 - পদ মুখস্থের পরবর্তী শব্দ বলার ক্ষেত্রে ব্যবহার হতে পারে
 - পরবর্তী ব্যক্তির ক্ষেত্রে ব্যবহৃত হতে পারে যে আবিস্কৃত প্রশ্নের উন্নত দিবে
 - একজন শিশু অন্যজন শিশুর কাছে প্রশ্ন জিজ্ঞাসা করতে ব্যবহার হতে পারে
 - শুধুমাত্র একটি শিশুর ক্ষেত্রে কোন কিছু ধরে রাখতে ব্যবহার হতে পারে যখন তারা কোন কঠিন বিষয়ে কথা বলবে
 - প্রার্থনার অনুরোধ শেয়ার করতে ব্যবহৃত হতে পারে

- বীচ বলঃ বিভিন্ন রঙের বীচ বলগুলোতে আপনি কাহিনী অনুসারে বিভিন্ন ধরনের প্রশ্ন লিখে রাখতে পারে যার উত্তর অংশগ্রহণকারীরা দেবেন। বলটি একপাশ থেকে অন্যপাশে দিতে হবে এবং যে ব্যক্তি বলটি ধরবে তাকে নিচের ধারাবাহিক প্রশ্ন অনুসারে যেটি উপরের দিকে থাকবে তার উত্তর দিতে হবে। এই খেলার জন্য বীচ বলই যে ব্যবহার করতে হবে এমন নয় বরং যে কোন ধরনের বল আপনি ব্যবহার করতে পারেন!
 - যখন কাহিনীটি বলা হচ্ছিল তখন কোন বিষয়টি আপনার কাছে বিষয়কর মনে হয়েছে?
 - কাহিনীর কোন অংশটি আপনার ভাল লেগেছে? কি কারণে তা আপনার কাছে ভাল লেগেছে?
 - সেখানে এমন কিছু কি ছিল যা আপনার বুঝতে কঠিন বা কষ্ট হয়েছে?
 - লোকেরা কি সিদ্ধান্ত নিয়েছে? আর কি তারা করতে পারতো? তাদের সিদ্ধান্তের ফলে কি ঘটেছিল?
 - ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি আর তা হলো ঈশ্বর হলেন..... এই বিষয়টি ঈশ্বরের প্রতি আপনার ভালবাসা ও জীবন যাপনের প্রতি কি পার্থক্য তৈরী করবে?
 - আপনি কি এভাবে ঈশ্বরকে জানতে চান? বর্তমানে আপনার জীবনে কি এমন কিছু ঘটেছে যেখানে ঈশ্বর আপনাকে সাহায্য করতে পারেন?
 - আজকের কাহিনীর ভিত্তিতে ঈশ্বর বর্তমানে আপনার হস্তয়ে কি কাজ করছেন?
- কাগজের খন্ডে কাহিনীঃ বিভিন্ন কাগজের ছোট ছোট খন্ডে কাহিনীর বিভিন্ন অংশ লিখে রাখুন। শিশুদেরকে কাহিনীটি ধারাবাহিকভাবে সাজাতে দিন। আপনি নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে প্রতিযোগীতাও করতে পারেন।

নাটিকা

আপনি কাহিনীটি পৃণরায় বলার জন্য বিভিন্ন ধরনের নাটকীয় প্রেজেন্টেশন ব্যবহার করতে পারেনঃ

- কাহিনীটি অভিনয় করাঃ আপনার দলের শিশুদেরকে বাইবেলের বিভিন্ন চরিত্রে নিযুক্ত করুন। অভিনয় করার আগে তাদেরকে কিছুটা সময় দিন যেন তারা অনুশীলন করতে পারে।
- পাপেটঃ অভিনয় করার পরিবর্তে পাপেট দিয়েও আপনি কাহিনীটি পৃণরায় বলতে পারেন। খুব সহজেই মোজা বা অন্য কোন উপকরণ দিয়ে আপনি পাপেট বানাতে পারবেন এবং একটি টেবিলের পিছনে অথবা দুইজন লোক একটি বিছানার চাদর দুইপাশে ধরে দাঢ়িয়ে থাকলে তার পিছনে বসে আপনি কাহিনী উপস্থাপন করতে পারেন।
- কিডস ষ্টোরীবোর্ডঃ যদি কিডস ষ্টোরীবোর্ড প্রশিক্ষনের সময় আপনি পান বা কেনার সুযোগ থাকে তাহলে এর জন্য আরো সুনির্দিষ্ট প্রশিক্ষণ পেতে কিছুটা সময় ব্যয় করুন। এই প্রশিক্ষণটি ৪০ পৃষ্ঠায় পাওয়া যাবে।

আর্ট

কিছু কিছু ছেলেমেয়ে আছে যারা প্রকৃতিগতভাবেই আর্টের প্রতি আকর্ষিত। রং করা বৰু ও পোষ্টার পেপার দিয়ে শিশুদেরকে বসিয়ে দিন যেন তারা কাহিনীর বিভিন্ন দৃশ্যের ছবি আঁকতে পারে এবং তারপর যখন আর্ট করা শেষ হবে তখন কাহিনীটি পৃণরায় বলুন। প্রত্যেকটি শিশু ব্যক্তিগত বা এককভাবে কাহিনীর বিভিন্ন চরিত্রের ছবি আঁকতে পারে যা তাদের কাছে আরো বেশি অর্থবহ হয়ে উঠবে।

মিউজিক

কাহিনীটি পৃণরায় বলার জন্য দলীয়ভাবে গান লিখতে বলুন। চাইলে তারা পৃণরায় শব্দগুলোকে সহজ করে লিখতে পারে।
 যদি সময় থাকে, তাহলে যে সমস্ত কার্যক্রমের কথা বলা হয়েছে তা প্রত্যেকটি দলকে অনুশীলন করতে বলুন। যদি সময় কম থাকে তাহলে প্রত্যেক দলকে ভিন্ন ভিন্ন কার্যক্রম দিন যেন তারা অনুশীলন করে তা উপস্থাপন করতে পারে।

অধিবেশন # ৬

হারানো মেষ

কিভাবে সবাই হারানো মেষের কাহিনীটি পড়েছিল? আপনি কি কারো কাছে কাহিনীটি বলতে সক্ষম ছিলেন? যদি আপনি পরে থাকেন তাহলে কি ঘটেছিল তা কি বলতে পারেন?

এই অধিবেশনের মধ্যে দিয়ে আমরা হারানো মেষের কাহিনীর প্রস্তুতি ও শিক্ষা দেয়ার প্রক্রিয়ার মধ্যে ফিরে যাবো। আসুন আমরা ৩-৪জন করে একটি দল গঠন করি।

দলীয়ভাবে কয়েক মিনিট সময় নিন এবং যে শিশুদের কাছে আপনি কাহিনী বলবেন তাদের ও নিজের সাথে খেলা করুন। (৫ মিনিট)

প্রত্যেক দল থেকে ২ জন করে সুযোগ পাবেন যারা বাইবেল থেকে কাহিনীটি জোরে জোরে পড়বেন। (৫ মিনিট)

আপনার দলে ব্রেইনষ্ট্রম বা বুদ্ধিব্যবহার করুন যে উদ্বোধনী করার জন্য কোন কার্যক্রম বা প্রশ্ন সবচেয়ে উপযুক্ত হবে। সম্পূর্ণ ঝাশটি আপনি কোন পদ্ধতিতে পরিচালনা করবেন? (১০ মিনিট)

কাহিনী বলার আগে কোন সূচনাটি শিশুদের জন্য জানা গুরুত্বপূর্ণ? (১০ মিনিট)

তাদের যথাসাধ্য চেষ্টা করার মধ্যে দিয়ে প্রত্যেককে কাহিনীটি বলার সুযোগ দিন (১০ মিনিট)

এই কাহিনীর জন্য কোন পৃণবৃত্তি প্রক্রিয়াটি ভাল কাজ করবে? যে কোন একটি বাছাই করুন যা আপনি দলীয় আকারে করতে পারেন। (১০ মিনিট)

অধিবেশন # ৭

প্রশ্নসমূহ আবিক্ষার ও সাড়াপ্রদান

কাহিনী বলার ক্ষেত্রে প্রশ্ন জিজ্ঞাসা করা এবং আলোচনা করার প্রক্রিয়া খুবই জটিল! শুধুমাত্র তথ্য জানাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় নয়। একজন নেতার অবশ্যই তার দলকে কাহিনীর কিছু বিষয় স্বরণ করিয়ে দেয়া উচিত যাতে তারা কাহিনীর বিষয়টি অনুভব করতে পারে। এটি পবিত্র আত্মাকে সাহায্য করে যেন তিনি তাঁর কাজ করতে পারেন এবং লোকদের জীবন পরিবর্তন করতে পারেন যেন তারা আরো বেশি করে যীশু খ্রিস্টের মত হয়ে ওঠেন। যীশু নিজেও সবসময় প্রশ্ন করতেন যেন তিনি লোকদেরকে আরো গভীরে নিয়ে যেতে পারেন যেন তারা বুঝতে পারে এবং তাদের হৃদয় পরিবর্তন হয়। প্রশ্নের মধ্যে দিয়ে আলোচনা শিশুদেরকে বাইবেলের গুণধন আবিক্ষার করতে সাহায্য করে এবং বাইবেলের বাক্যকে তাদের হৃদয়ে ধারণ করতে সহজতর করে তোলে।

যখন আপনি প্রশ্ন জিজ্ঞাসা করেন এটা শুধুমাত্র তাদেরকে বলা নয় বরং তখন লোকেরা নিজেদের জন্য ঈশ্বরের সত্য আবিক্ষার করতে শুরু করে দেয়। তারপর এটি তাদের জীবন ও হৃদয়ের গভীরে ঢুকে যায়। আপনি কি জানেন এটি সেই বিষয়ে নয়-এটি হচ্ছে তাদের নিজেদের জন্য ঈশ্বরের সত্যকে আবিক্ষার করা! প্রশ্নসমূহ আবিক্ষার করা নিজের বিষয়গুলোকে ঘিরে একটি পারস্পারিক ক্রিয়াপ্রতিক্রিয়া সম্পন্ন আলোচনা তৈরী করেঃ

- **মাথা (তথ্য)** এই ধরনের প্রশ্নগুলো কাহিনীতে “কি” ঘটেছিল সেটি মনে রাখতে আমাদেরকে সাহায্য করে।
- **হৃদয় (অনুভূতি)** কাহিনী থেকে যে ভিন্ন ধরনের অনুভূতির অভিজ্ঞতা লোকদের হয়েছে তার প্রতি যথেষ্ট পরিমাণ সময় বিবেচনা করুন এবং লোকদের “কি” অথবা “কেন” প্রশ্নের উত্তর দিতে সময় দিন। লোকেরা যেন গভীরভাবে সাড়াপ্রদান করে তার জন্য পবিত্র আত্মার পরিচালনার প্রতি সংবেদনশীল হোন। সবসময় প্রাথমিক সাড়াপ্রদানেই সন্তুষ্ট থাকবেন না।

প্রত্যেক ব্যক্তি যেন একটি ব্যক্তিগত সিদ্ধান্ত নিতে পারে তার জন্য এই আলোচনা কিছু সাড়াপ্রদানযুক্ত প্রশ্নের মধ্যে দিয়ে শেষ হবে। পবিত্র আত্মা এখানে আপনার দলের প্রত্যেক ব্যক্তিকে দেখাবেন এবং কথা বলবেন। এটি সম্ভবত প্রত্যেকের জন্য আলাদা অভিজ্ঞতা হবে। এটি ভাল যে পবিত্র আত্মা কাজ করছেন।

কাহিনী বলার পদ্ধতি ব্যবহার করে বাইবেলের কাহিনী বলার সময় হয়তো কখনো কখনো আপনি কোন সুনির্দিষ্ট বিষয়কে নির্দেশ করবেন। এখানে সুনির্দিষ্ট প্রশ্নের মধ্যে দিয়ে পরিচালনা করা খুবই ভাল কিন্তু এটা আবশ্যিক নয় যে এর মধ্যে দিয়ে নির্দিষ্ট কোন উত্তর আসতে হবে। পৃষ্ঠালোচনা ও ফলোআপ করা খুবই গুরুত্বপূর্ণ। এর মধ্যে দিয়ে দেখুন যে ঈশ্বর যা করতে বলেছেন প্রত্যেকজন কিভাবে তার বাধ্য হয়। এই প্রশ্নগুলো যে বিষয়ে পরিচালনা দেয়ঃ

- **হাতগুলো (প্রয়োগ করা) – “এখন কি”**

এই প্রশ্নগুলোর উদাহরণ ২৮-২৯ পৃষ্ঠায় পাওয়া যাবে। শুরু করার জন্য আপনি নিচের প্রশ্নগুলো এবং পাঠ প্রস্তুত করতে অন্যান্য প্রশ্নগুলো ব্যবহার করতে পারেন। এটি শুধুমাত্র প্রশ্নসমূহের কোন চেকলিষ্ট/তালিকা নয় বরং পবিত্র আত্মা একজন মানুষের জীবন ও হৃদয়ে কি করতে চান তা আবিক্ষার করা।

সম্ভাব্য গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহঃ

- যখন কাহিনীটি বলা হচ্ছিল তখন কোন বিষয়টি আপনার কাছে বিশ্ময়কর মনে হয়েছে? (মাথা/হৃদয়)
- কাহিনীর কোন অংশটি আপনার সত্যিই ভাল লেগেছে? কি কারণে তা আপনি পছন্দ করেছেন? (মাথা)
- সেখানে এমন কিছু কি ছিল যা আপনার বুঝতে কঠিন বা কষ্ট হয়েছে? (মাথা)
- লোকেরা কি সিদ্ধান্ত নিয়েছে? তারা আর কি করতে পারতো? তাদের সিদ্ধান্তের ফলে কি ঘটেছিল? (মাথা)
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি আর তা হলো ঈশ্বর হলেন..... এই বিষয়টি ঈশ্বরের প্রতি আপনার ভালবাসা ও জীবন যাপনের প্রতি কি পার্থক্য তৈরী করবে? (মাথা)
- আপনি কি এভাবে ঈশ্বরকে জানতে চান? বর্তমানে আপনার জীবনে কি এমন কিছু ঘটেছে যেখানে ঈশ্বর আপনাকে সাহায্য করতে পারেন? (হৃদয়)
- আজকের কাহিনীর ভিত্তিতে ঈশ্বর (পবিত্র আত্মা) বর্তমানে আপনার হৃদয়ে কি কাজ করছেন?

জোরপ্রদানমূলক বিষয়ঃ

- কিছু প্রাথমিক মাথার প্রশ্নগুলো ছাড়া, আপনি একটি মাত্র সঠিক উত্তর খুঁজবেন না। একটি উন্মুক্ত প্রশ্ন জিজ্ঞাসা করার পর অনেককে সাড়াপ্রদান করতে সুযোগ দিন। মনেরাখবেন, আমরা শেখার চেষ্টা করছি এবং প্রত্যেকের সাড়াপ্রদানের মধ্যে দিয়ে বিষয়টি উদঘাটন করার চেষ্টা করছি।
- অনেকের সাড়াপ্রদানের জন্য আপনি অন্যান্য অনুসন্ধানমূলক প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন। বোঝার চেষ্টা করুন যে পবিত্র আত্মা প্রাথমিক কি সাড়াপ্রদানের বিষয় প্রকাশ করতে চাইছেন। এই ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করুনঃ “কি আপনাকে এইভাবে চিন্তা করতে বা অনুভব করতে সাহায্য করছে?” অথবা “কেন এটি আপনার কাছে গুরুত্বপূর্ণ?” লোকদের শেয়ার করার জন্য একটি নিরাপদ পরিবেশ তৈরী করতে সংবেদনশীল থাকুন।
- নেতা হিসাবে যখন আপনাকে একটি প্রশ্ন জিজ্ঞাসা করা হবে, তখন আলোচনার জন্য এটিকে দলের মধ্যে ছেড়ে দিন। প্রায়ই দলনেতা যখন প্রথমে সাড়াপ্রদান করেন তখন কথোপকথোন শেষ হয়ে যায়। কিন্তু প্রশ্নটি দলে নিয়ে আসলে তা দলকে চিন্তা করতে ও আরো গভীর বিষয় খুঁজে পেতে সাহায্য করে।
- যদি আপনাকে একটি প্রশ্ন করা হয় এবং আপনার ও আপনার দলের কাছে যদি উত্তর না থাকে, তাহলে শিশুদেরকে জানতে দিন যে এটি একটি ভাল প্রশ্ন এবং এর উত্তরের জন্য আপনাকে বাড়িতে গিয়ে উত্তর খুঁজে বের করতে হবে।

অংশগ্রহণকারীদেরকে ৩-৪ জন করে ছোট ছোট দল বানাতে বলুন। একজনকে বলুন যেন তিনি পিতর ও যীশুর জলের উপরে হাঁটার কাহিনীটি বলেন। তারপর দলীয় আকারে তাদেরকে এই প্রশ্নগুলো দিন এবং অনুশীলন করতে বলুনঃ

- ৩টি মাথা মূলক প্রশ্ন
- ৫টি হৃদয়মূলক প্রশ্ন
- ২টি হাত/সাড়াপ্রদানমূলক প্রশ্ন

এখন দলের জন্য সেই সময় যখন তারা বাস্তবিক আলোচনার মধ্যে দিয়ে একসাথে সময় কাটাবে। প্রত্যেক দলকে বলুন যেন তারা তাদের মধ্যে একজন নেতা বাছাই করে। উপরের গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো ব্যবহার করে এবং তাদের নিজেদের তৈরী করা প্রশ্নগুলো দিয়ে নেতাকে বলুন যেন তিনি তার দলের মধ্যে একটি আলোচনা তৈরী করেন।

প্রশ্নসমূহ আবিষ্কার ও সাড়াপ্রদান

প্রশ্নসমূহ আবিষ্কার – মাথা (তথ্য):

- আমার লক্ষ্য হলো কাহিনীর বিষয়বস্তু বুবাতে পারা।
 - কাহিনীটিতে কি বলা হয়েছে? কাহিনীতে কি ঘটেছিল?
 - আমি ঈশ্বরের বাক্যের মধ্যে দিয়ে তাঁকে জানতে চাই
- ক. আপনি কি কল্পনা করছিলেন যখন কাহিনীটি বলা হচ্ছিল? এতে আপনার কেমন বোধ হয়েছিল?
- খ. আপনি কি নিজেকে সেখানে কল্পনা করতে পারছেন? আপনি কি শুনতে/দেখতে/গন্ধ উপলব্ধি করতে পারছেন যখন কাহিনীটি বলা হচ্ছিল?
- গ. কাহিনীর মধ্যে থেকে আপনার কাছে কি প্রকাশিত হয়েছে?
- ঘ. এই কাহিনীতে ঈশ্বর/যীশু তাদেরকে কি শিক্ষা দিয়েছেন?
- ঙ. আগের কাহিনীতে কোথায় আমরা ঈশ্বরকে এই কাজ করতে দেখেছি?
- চ. আপনি কি এমন কিছু শুনেছেন যা আপনাকে আগের কাহিনী স্মরণ করিয়ে দেয়? আপনি কি যোগাযোগ তৈরী করেছেন?
- ছ. আমাদের অন্যান্য কাহিনী কি সম্পর্কে বলে _____?
- জ. এমন কিছু কি ছিল যা বুবাতে কঠিন বা কষ্ট হয়েছে?
- ঝ. কাহিনীটি লোকদের সাথে ঈশ্বরের/যীশুর কি সম্পর্ক বর্ণনা করে?
- ঝঃ. এই কাহিনী থেকে _____'র সাথে ঈশ্বরের / যীশুর সম্পর্ক সম্পর্কে আমরা কি শিখেছি?
- ট. কাহিনীতে কিভাবে ঈশ্বর/যীশু লোকদেরকে সাড়াপ্রদান করেছেন? এটি আমাদেরকে কি দেখায়?
- ঠ. ঈশ্বর/যীশু কিভাবে সাড়াপ্রদান করেছেন যখন...?
- ড. কিভাবে লোকেরা সাড়াপ্রদান করেছেন....?
- ঢ. কিভাবে যীশু / ঈশ্বর.....?
- ণ. এই ঘটনায় ঈশ্বর/যীশু তাদেরকে কি শিক্ষা দিয়েছেন বা কি দেখিয়েছেন?
- ত. আজ আপনি সম্পর্কে কি শিখেছেন
- ঈশ্বর?
 - যীশু?
 - এই কাহিনী?
 - যীশুকে অনুসরণ করা বলতে যা বোঝায়?
 - নিজের সম্পর্কে?
- থ. ঈশ্বর/যীশু কেমন সেই সম্পর্কে আমরা কি শিখেছি?
- দ. লোকেরা কি সিদ্ধান্ত নিয়েছিল? আর কি তারা করতে পারতেন? তাদের সিদ্ধান্তের ফলে কি ঘটেছিল?
- ধ. এই কাহিনীতে কোন ব্যক্তির বিশ্বাস, ব্যবহার, বা মনোভাবের কি পরিবর্তন ঘটেছে?
- ন. এই কাহিনী থেকে ঈশ্বর/যীশুর বিষয়ে আপনি কি লক্ষ্য করেছেন? _____
- প. ঈশ্বর/যীশুকে অনুসরণ করার কি বুঁকি ছিল? _____
- ফ. কাহিনীতে কিভাবে চরিত্রগুলোতে ভিন্নতা ছিল?
- ব. কোন দিক থেকে আমাদের অবস্থা এই রকম?

প্রশ্নসমূহ আবিক্ষার - হৃদয় (অনুভূতি):

- আমার লক্ষ্য হচ্ছে কাহিনীর সাথে আবেগীক ও আত্মিকভাবে যুক্ত হওয়া এবং হৃদয়ের অন্তর্হলে প্রবেশ করানো। কিভাবে এই কাহিনী আমার জীবনের সাথে সম্পর্কযুক্ত?
- কেন এই কাহিনীটি গুরুত্বপূর্ণ? কেন এটি আমার কাছে গুরুত্বপূর্ণ?
- এই বাক্যের মধ্যে দিয়ে আমি ঈশ্বরকে ভালবাসতে চাই।
 - ক. এই কাহিনীর কোন বিষয়টি আপনার ভাল লেগেছে? এমন কিছু কি আছে যা আপনার ভাল লাগে নাই?
 - খ. কাহিনী থেকে আপনার কাছে কি প্রকাশিত হয়েছে?
 - গ. আজকের কাহিনীতে আপনার মতে কোন অংশটি সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ ছিল?
 - ঘ. কাহিনীটি শোনার ফলে আপনার কি অনুভূতি হয়েছে? আপনি কেমন বোধ করতেন যদি.....?
 - ঙ. যখন আপনি কাহিনীটি শুনছেন তখন কি কল্পনা করছিলেন?
 - চ. যখন কাহিনীটি বলা হচ্ছিল তখন কোন বিষয়টি আপনাকে কাছে বিস্ময়কর মনে হচ্ছিল?
 - কোন ধরনের আবেগের কথা আপনি চিন্তা করছেন.....?
 - কোন অনুভূতি দ্বারা আপনি প্রেরণা পেয়েছেন.....?
 - আপনার মতে এটি কেমন ছিল.....?
 - ছ. এই কাহিনীতে _____ এর হৃদয়ে ও মনে কি হচ্ছে বলে আপনি মনে করেন?
 - জ. আজকের কাহিনীতে কোন বিষয়টি আপনাকে আশ্রয় / বিস্মিত করেছে?
 - ঝ. কাহিনীর কোন চরিত্রের সাথে আপনার বেশি মিল রয়েছে?
 - ঞ. ঈশ্বর/যীশুর কাছে কোন বিষয়টি সত্যিই গুরুত্বপূর্ণ বলে আপনি অনুভব করেন? কোন চরিত্রটি?
 - ট. কোন দিক থেকে আমরাও _____ এর মত? কোন দিক থেকে আমরা ভিন্ন?
 - ঠ. কাহিনী শোনার পর আপনি নিজেকে যেভাবে দেখেন কিভাবে তার পরিবর্তন আসতে পারে?
 - ড. ঈশ্বর কি আপনাকে কখনো ব্যবহার করেছেন.....?
 - ঢ. কেন আপনি এই রকম মনে করছেন.....?
 - ণ. আপনার কি মনে হয় কেন ঈশ্বর এই কাহিনীটি বাইবেলে রেখেছেন/স্থাপন করেছেন?
 - ত. বর্তমানে আপনি ঈশ্বর/যীশুর সম্পর্কে কি অনুভব করছেন?
 - অ. এমন কি আছে যা আপনি আজকের আগে কোনদিন উপলব্ধি করেন নাই?
 - ই. আজকে আপনার শোনা সবচেয়ে মজার বিষয় কোনটি?
 - ঙ. এই কাহিনীটি কিভাবে আপনাকে চ্যালেঞ্জ বা উৎসাহিত করেছে?

প্রশ্নসমূহে সাড়াপ্রদান - হাত (কাজ)

- আমার লক্ষ্য হচ্ছে কাহিনী থেকে আমি যা কিছু শিখেছি তাতে সাড়াপ্রদান ও আমার জীবন প্রয়োগ করার জন্য পবিত্র আত্মার পরিচালনা খোঁজা।
কিভাবে আমি এই কাহিনীটি আমার জীবনে প্রয়োগ করবো?
- ঈশ্বর আমার কাছে কি প্রত্যাশা করেন, বিশেষকরে যা আমি এই কাহিনী থেকে শিখেছি সেই বিষয়ে?
- ঈশ্বরের বাক্য থেকে আমি যা কিছু শিখেছি তার প্রতি বাধ্য থেকে আমি তাঁর সেবা করতে চাই।

- ক. আজকে আপনি কি শুনেছেন যা আপনাকে চিন্তা করতে সাহায্য করছে যেন আপনি আপনার জীবন পরিবর্তন করতে পারেন?
- খ. আজকে আপনি যা শিখেছেন তার মধ্যে থেকে আপনি কি অনুভব করছেন যা ঈশ্বর/যীশু/পবিত্র আত্মা আপনাকে করতে বলছেন?
- গ. আপনার কি মনে হয় ঈশ্বর/যীশু/পবিত্র আত্মা আপনাকে কি বলছেন?
- ঘ. আজকের কাহিনী অনুসারে আপনি ভিন্ন কি করবেন? এবং সেটি ঈশ্বরের প্রতি আপনার ভালবাসা ও সেবা করার মধ্যে কি পার্থক্য সৃষ্টি করবে?
- ঙ. যীশুর একজন অনুসারী হিসাবে এই কাহিনী থেকে আমরা কি শিখেছি? এই অর্তনিহিত বিষয়গুলো কিভাবে আপনি এই সপ্তাহে অনুশীলন করতে পারেন?
- চ. আজকে কিভাবে আমরা ঈশ্বর বা যীশুর প্রতি সাড়াপ্রদান করবো?
- ছ. কাহিনীটি শোনার পর, আপনি কি ভিন্নভাবে জীবন যাপন করবেন?
- জ. আপনি কি এভাবে ঈশ্বরকে জানতে চান? এই মূহর্তে আপনার জীবনে এমন কিছুকি ঘটেছে যেখানে ঈশ্বর/যীশু/পবিত্র আত্মা আপনাকে সাহায্য করতে পারেন?
- ঝ. এই সপ্তাহে আপনি কার সাথে এই কাহিনীটি শেয়ার করতে পারেন?
- ঞ. আপনার কি মনে হয় ঈশ্বর কিভাবে আপনাকে তাঁর কাহিনীর অংশ করতে চান?

কাহিনীতে যে লোকদের প্রতি ফোকাস/দৃষ্টি দেয়া হয়েছে:

কি হবে যদি শিশুরা উভর দেয়ার সময় অন্য কোন বিষয় বা জিনিসের সাথে যুক্ত করে ফেলে যা কাহিনীর সাথে সম্পর্কযুক্ত নয়? তাদেরকে সঠিক উভরের দিকে ধাক্কা/পুশ করতে থাকুন। কাহিনীটিতে কোন বিষয়ে বলা হয়েছে? আসুন ফিরে যাই এবং দেখি।

ক. স্পর্শকঃ কোন কোন লোক আছে যারা মনোযোগ হারিয়ে ফেলে অথবা অন্য বিষয়ে মন দেয়।

যখন এটি ঘটবে তখন যা করবেন তার কিছু পরামর্শ দেয়া হলোঃ

- আজকের কাহিনীটি তুমি কোথায় দেখতে পাচ্ছ? আমরা এখন যা আলোচনা করছি তা হলো এই বিষয়।
- তুমি যে বিষয়টি তুলেছো হয়তো আমরা অন্য কোন একদিন তা আলোচনা করতে পারবো

খ. থিওলজি/ধর্মতত্ত্বঃ ঈশ্বর সম্পর্কে লোকদের প্রশ্ন বা চিন্তা থাকতে পারে যার উভর তাদের কাছে কঠিনঃ এই কাহিনীতে আপনি কি দেখতে পান? নেতা হিসাবে আপনাকে সিদ্ধান্ত নিতে হবে যে ঈশ্বর সম্পর্কে কোন প্রশ্ন বা বিষয় উত্থাপন করার এটি উপযুক্ত সময় কিনা।

গ. প্রশ্নসমূহঃ অন্য প্রশ্নে যাওয়ার আগে নিশ্চিত হোন যে, যে প্রশ্নটি আপনি করেছেন তার উভর দেয়ার সুযোগ প্রত্যেকে পেল কিনা। যদি সময় থাকে তাহলে অন্যান্য প্রসঙ্গে উত্থাপিত প্রশ্নের উভর দেয়ার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। কোন কোন সময় ধাক্কা দেয়াটা ভাল। এটি লোকদেরকে সাহায্য করে যেন ঈশ্বর যেভাবে তাদেরকে নির্দেশ দেন সেই বিষয়েই স্থির থাকে ও চিন্তা করে।

অধিবেশন # ৮

চূড়ান্ত করণীয়

অংশগ্রহণকারীদের তাদের দলে যেতে বলুন। প্রত্যেক দলকে নিচের থেকে একটি করে কাহিনী দিন। যদি ১২টির থেকে বেশি দল হয় তাহলে একই কাহিনী দুই বা ততোধিক দলকে দেয়া যেতে পারে।

- পক্ষাঘাতাত্ত্ব লোকের সুস্থতাঃ লুক ৫৪১৭-২৬
- দয়ালু শমরীয়ঃ লুক ১০৪২৫-৩৭
- ৫০০০ লোককে খাওয়ানোঃ যোহন ৬৪১-১৪
- দশজন কৃষ্ণরোগী সুস্থ হলোঃ লুক ১৭৪১১-১৯
- নাছোড়বান্দা বিধবাঃ লুক ১৮৪১-৮
- ফরীশি ও করঘাহীর প্রার্থনাঃ লুক ১৮৪৯-১৪
- একজন অঙ্গ ব্যক্তির সুস্থতাঃ লুক ১৮৪৩৫-৪২
- সক্রেয়ঃ লুক ১৯৪১-১০
- পিতরের খোঁড়া ব্যক্তির সুস্থতার ঘটনাঃ প্রেরীত ৩৪১-১০
- ইলীশায় এবং বিধবার তেলের পাত্রঃ ২য় রাজাবলী ৪৪১-৭
- শমুয়েল দ্বিতীয়ের রব শুনলেনঃ ১ম শমুয়েল ৩৪১-১৪
- দায়ূদ রাজা হিসাবে অভিষিক্ত হলেনঃ ১ম শমুয়েল ১৬৪১-১৩

লোকদেরকে বলুন যেন তারা তাদের দলে ধারণা শেয়ার যে কিভাবে তারা পাঠটি উপস্থাপন করবে এবং সবকিছু মিলে একটি পাঠ পরিকল্পনা তৈরী করবে। যদি একের বেশি কোন দলকে একই কাহিনী দেয়া হয়, তাহলে সেই দলগুলো চাইলে একসাথে আলোচনা করতে পারে এবং একসাথে পাঠটি অনুশীলন করতে পারে। নির্দিষ্ট সময়ের মধ্যে যতগুলো কাহিনী উপস্থাপন করা সম্ভব উপস্থাপন করুন।

উপস্থাপনের জন্য প্রত্যেক দলকে বলুন যেন তারা তাদের কাহিনীর বিভিন্ন অংশ ভিন্ন ভিন্ন লোক দিয়ে উপস্থাপন করে।

সময়ের উপর নির্ভর করে যদি সম্পূর্ণ ক্লাস নাও করা যায় তবুও উদ্বোধনী ও প্রশ্নের অংশটি অবশ্যই উল্লেখ করতে হবে। অন্য দল হয়তো সম্পূর্ণ ক্লাস না করলেও সূচনা, কাহিনী বলা এবং কাহিনী পুনরায় বলা অংশটি করতে হবে।

উপস্থাপন করার পর প্রত্যেক দলকে তাদের উপস্থাপনার জন্য প্রতিক্রিয়া বা মতামত জানান। বিভিন্ন বিষয়ের দিকে লক্ষ্য রাখুন যে তারা কতটা সৃজনশীলভাবে করেছে এবং তাদের কাজ ভাল ছিল কিনা। এমন কোন একটি বিষয়ের দিকে লক্ষ্য রাখুন যেটা তারা ভাল ফলাফলের জন্য ভিন্ন ভাবে করবে। যখন কাহিনীটি চলতে থাকবে তখন বিশেষকরে সময়ের দিকে এবং বাইবেলের কাহিনীর যথাততা রয়েছে কিনা সেই বিষয়ে লক্ষ্য রাখুন।

পাঠ প্রস্তুতির তালিকা

উদ্বোধনীঃ

- এমন প্রশ্ন বা কার্যক্রম বাছাই করুন যাতে শিশুরা তাদের ব্যক্তিগত কাহিনী শেয়ার করতে পারে।
- উত্তরটি কি এমন কোন আবেগ তৈরী করে যা শিশুটির ছিল?
- এমন প্রশ্ন জিজ্ঞাসা করুন যার জন্য “হ্যাঁ” বা “না” থেকেও বেশি উত্তর প্রয়োজন।

সূচনাঃ

- এমন কোন শব্দ কি আছে যার ব্যাখ্যা প্রয়োজন?
- ভৌগলিক অবস্থান জানা কি গুরুত্বপূর্ণ বিষয়?
- এমন কোন ঘটনা কি পূর্বে ঘটেছে যা কাহিনী বলার আগে জানা প্রয়োজন?
- এমন কোন কি সাংস্কৃতিগত ভিত্তিতে আছে যা ব্যাখ্যা করা অবশ্যই প্রয়োজনীয়?
- আগের কাহিনীতে এমন কোন বিষয় কি রয়েছে যা পূণরাবৃত্তি করা ভাল হবে?

কাহিনী বলাঃ

- আমি কি কাহিনীতে শিশুদেরকে সংযুক্ত করতে পারি?
- এমন কি কোন নাটকীয় উপাদান রয়েছে যা কাহিনীটিকে আরো বেশি পারস্পারিক ত্রিয়াপ্রতিত্রিয়া সম্পর্ক এবং আকর্ষনীয় করে তুলবে?
- দলকে দেখানোর জন্য কোন ভিজুয়াল উপকরণ আছে কিনা?
- কাহিনীতে এমন কোন অংশ কি আছে যা জন্য হাতের কাজ দরকার যেমন নাম ও স্থানের নামের তালিকা?
- শিশুরা যেন কাহিনীটি শিখতে পারে এবং অন্যদের কাছে বলতে পারে তার জন্য কাহিনীটির যে দৈহ্য তা কি ঠিক আছে?
- কাহিনীতে এমন কোন ব্যক্তি কি আছে যা আমি তাদের (লোকদের) অভিজ্ঞতা থেকে বলতে পারি?

পূনরায় বলাঃ

- আমার ছাত্রাত্মীরা বিষয়টি কি সত্যিই উপভোগ করছে?
- এমন কোন বিষয় কি আছে যার আমি একটু সময়ের জন্যও ব্যবহার করি নাই যা শিশুদেরকে আকর্ষন করতো?
- সবাই যেন অংশগ্রহণ করতে পারে তার জন্য কি যথেষ্ট পরিমাণে উপকরণ আছে?
- যখন শিশুরা কাহিনীটি পূণরায় বলছে তখন কি তারা বাইবেলীয় যথার্ততা সহকারে কাহিনীটি বলছে?

প্রশ্নসমূহ আবিষ্কারঃ

- এই পাঠের বিষয়ে কোন ধারণার জন্য আমি কি প্রার্থনা করেছি যাতে পবিত্র আত্মা এই আলোচনাকে পরিচালনা দিতে পারেন?
- আমার কি এমন কোন প্রশ্ন আছে যা শুধুমাত্র মাথা নয় বরং হৃদয়কে আকর্ষণ/যুক্ত করবে?
- শিশুরা যে অবস্থানে আছে তাতে কাহিনীর কোন অংশটি সবচেয়ে বেশি সম্পর্কযুক্ত? পবিত্র আত্মা যেভাবে পরিচালনা দেন সেই পরিচালনার দিকে এগিয়ে যেতে আমার কাছে কি সেই ধরনের প্রশ্ন আছে যা আমাকে সাহায্য করতে পারে?

:সাড়াপ্রদানমূলক প্রশ্নঃ

- কিভাবে আমি পাঠটি শেষ করবো-কোন প্রশ্নটি সাড়াপ্রদানের জন্য সবচেয়ে ভাল হবে?

অধিবেশন # ৯

উৎসর্গ এবং আশীর্বচন

- অংশগ্রহণকারীদেরকে সম্পূর্ণ প্রশিক্ষণটি মূল্যায়ন করতে দিন
- সম্ভব হলে প্রত্যেক অংশগ্রহণকারীদেরকে সার্টিফিকেট প্রদান করুন।
- দলীয় ছবি তুলুন।
- দলের জন্য আশীর্বাদের প্রার্থনা করুন
- যদি সম্ভব হয় তাহলে আশীর্বাদের গান্ঠি করুন এবং শিখানঃ সমাপ্তীর আছে আশীর্বাদ

পরিশিষ্ট

পৃষ্ঠা

● পৃথিবীর চারপাশের শিশুরা	৩৫
● নির্দেশনা	৩৬--৩৭
● বহুবিধ বুদ্ধিমত্তা	৩৮
● বাইবেলের কাহিনী ব্যবহারের কৌশলের উদাহরণ	৩৯
● কিডস স্টোরীবোর্ড প্রশিক্ষণ	৪০
● অতিরিক্ত বাইবেল কাহিনীর রিসোর্স	৪১
● মূল্যায়ন	৪২

পৃথিবীর চারপাশের শিশুরা

Our Mission

Impacting the lives of Kids with God's transforming hope

We model and live out a culture of Hope that Is:

Transformational
Relational
Relevant
Fun




Our guiding Principles

Prayer
Partnering
Innovative
Empowered
Multiplication
Trustworthy

Our Central Ministry Focus

We resource communities of believers to impact kids



কিডস্টোরী মিশন

ঈশ্বরের কাহিনী বলা ও পবিত্র আত্মার কাজের মধ্যে দিয়ে তাঁর রূপান্তরিত প্রত্যাশা দ্বারা শিশুদের জীবন প্রভাবিত করা...

কিডস্টোরীর লক্ষ্য ও প্রত্যাশা

- ঈশ্বরের বাক্য বাইবেলের কাহিনী বলার পদ্ধতি বা কিডস্টোরীর মধ্যে দিয়ে পরিচয় করানো।
- শিশুদের ও নেতাদের হৃদয় ও মনে ঈশ্বরের আত্মার কাজ, লোকদের আকর্ষন করা, ব্যক্তিগত ও সমষ্টিগতভাবে, নিজের ও অন্যদের সন্নিকট হওয়া
- শিশুদের দলে কিডস্টোরী পদ্ধতি ব্যবহারের সাহসিকতা
- শিশুদেরকে শুধুমাত্র কাহিনী শোনা ও নিজেদের জীবনে প্রয়োগ করার বিষয়টিতেই মনোযোগ দিয়েন না বরং সেই ভাবে চেষ্টা করুন যেন তারা তাদের পরিবার ও বন্ধুদের কাছে কাহিনীটি পুণরায় বলতে পারে।
- বিভিন্ন লোক ও দল গঠন করা যারা আন্তর্জাতিকভাবে কিডস্টোরী ওয়ার্কশপ পরিচালনা করতে পারবে

নির্দেশনা

অংশগ্রহণকারীদের নির্দেশনা

(বাইবেলের কাহিনী শুরু করার আগে এই নির্দেশনাগুলো অংশগ্রহণকারীদের সাথে আলোচনা করুন)

- প্রত্যেককে স্বাগতমঃ আমরা এমন একটি নিরাপদ স্থান তৈরী করতে চাই যেখানে প্রত্যেকেই অংশগ্রহণ করতে পারবে ।
- অংশগ্রহণঃ এটি আমাদের প্রত্যাশা যেন আপনার প্রত্যেকে আলোচনায় অংশগ্রহণ করেন । অন্ততপক্ষে এটি বলা শ্রেয় যখন কোন প্রশ্ন আপনার কাছে আসে তখন বলা যে “আমি জানি না” ।
 - একমত না হওয়াঃ বেশিরভাগ ক্ষেত্রে আমরা একটি মাত্র ঠিক উভয় প্রত্যাশা করি না । বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে পৰিব্রত্তি আত্মা আমাদের কাছে বিভিন্ন বিষয় প্রকাশ করতে পারেন । আমাদের অভিজ্ঞতা, যেভাবে আমরা বেড়ে উঠেছি এবং আমরা যা জানি তা একই কাহিনীতে ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি প্রকাশ করে ।
- উন্মুক্ত এবং সৎ হনঃ সংশ্লেষণের সঙ্গে এবং অন্যদের সঙ্গে আমরা তখনই বেড়ে উঠি যখন আমরা সৎ হই এবং আমাদের সাথে যা কিছু ঘটতে তা শেয়ার করি । আপনি খুঁজে পাবেন যে অনেক সময় অন্যান্য শিশুরা আমাদের মত একই বিষয়ে লড়াই করে যাচ্ছে ।
- “আমি” বিবৃতিঃ দয়াকরে এটা বলবেন না যে “মণ্ডলী এটি করবে” অথবা “তারা করেছে” অথবা “আমরা করবো”-এটিকে “আমি” বিবৃতিতে নিয়ে আসুন যা সংশ্লেষণ আপনাকে করতে বলছেন ।
- শুধুমাত্র বর্তমান ও পূর্বের কাহিনীঃ শুধুমাত্র আজকের ও আমাদের অধ্যয়ন করা অন্যান্য কাহিনী নিয়ে আলোচনা করা প্রত্যেক অংশগ্রহণকারীকে এই স্থানে এবং একই বিষয়ে ধরে রাখবে । পূর্বের যে কাহিনীটি আলোচনা করা হয়েছে সেটি ভিন্ন অন্য কোন কাহিনী বা বাইবেলীয় জ্ঞান অধ্যয়নের মধ্যে টেনে আনা ঠিক হবে না ।
- কল্পনাপ্রবন্ধাবে শোনাঃ যে কাহিনী বলা হচ্ছে সেখানে নিজেকে বসানোর চেষ্টা করুন । আপনি কি দেখতে পাচ্ছেন, কি গন্ধ পাচ্ছেন এবং কি শুনতে পাচ্ছেন? অন্যান্য চরিত্রগুলো কি করছে? আপনি কি অনুভব করছেন?

নেতাদের নির্দেশনা

- **প্রার্থনাঃ** আপনি যাতে পরিত্র আত্মার কথা শুনতে পান তার জন্য ঈশ্বরের সামনে স্থির হওয়া খুবই কষ্টকর। এটি নেতার কোন পারফমেনস বা কাজ সম্পাদন ও ফলাফল পাওয়ার ব্যাপার নয় কিন্তু পরিত্র আত্মা লোকদের জীবনের মধ্যে দিয়ে কাজ করতে সক্ষম।
- **সহ-প্রশিক্ষণার্থীঃ** নেতা হিসাবে, আপনাকে সবকিছুর উত্তর দিতে হবে না-বাইবেলের অনুচ্ছেদের মধ্যে থাকতে এবং অন্যদেরকে উত্তর দেয়ার সুযোগ করে দিন। আপনাকে এই বিশ্বাস করে কাহিনীর পাঠের মধ্যে দিয়ে যেতে হবে যে আপনি অন্য অংশগ্রহণকারীদের কাছে থেকে শিখতে যাচ্ছেন।
- **নিরাপদ পরিবেশঃ** যে কোন শিক্ষার জন্য লোকদের নিরাপদ থাকা প্রয়োজন যা এগুলো দ্বারা হতে পারেঃ
 - আপনার দর্শকদের সম্পর্কে জানুনঃ আধ্যাত্মিক, মানবিক, ব্যক্তিগত বিষয়
 - শারীরিকভাবেঃ রূগ্মের তাপমাত্রা, রূগ্মের সাজসজ্জা এবং যন্ত্রপাতী
 - মানবিকভাবেঃ নিচু না করা, প্রশংসা ব্যবহার করা
 - অতিক্রমভাবেঃ কেউই একজন অন্যজনের থেকে বাইবেলীয় দিক থেকে বেশি শিক্ষিত নয়; কেউই যৌশুর মত সুপারস্টার নয়
- **ঈশ্বরের সম্মুখায়ুক্তি হওয়াঃ** এই প্রত্যাশা নিয়ে কাহিনীর মধ্যে প্রবেশ করুন যে ঈশ্বর তাঁর কাহিনীর মধ্যে আমাদের কাহিনী দ্বারা মধ্যচ্ছেদ করবেন। প্রায়ই আমরা অংশগ্রহণকারীদের রূপান্তরিত তথ্যের কার্যপদ্ধতীতে সংযুক্ত থাকি।
- **স্বচ্ছতাঃ** যতদুর পারেন দলের মধ্যে নিজেকে অরক্ষিত এবং স্বচ্ছ রাখুন।
- **শোনা**
 - পরিত্র আত্মাঃ সময় পাবেন যখন পরিত্র আত্মা আপনাকে বলবেন যেন আপনি কোন ব্যক্তির সাড়াপ্রদানকে আরো গভীরভাবে অনুসন্ধান করেন এবং আরো প্রশ্ন করেন; কিন্তু প্রত্যেকের ক্ষেত্রে এটি ঘটবে এমন নাও হতে পারে। লোকেরা “যৌশু, বাইবেল, ভালবাসা, ঈশ্বর” এই ধরনের সাড়াপ্রদান দিতে অভ্যন্ত-তাই যখন সঠিক সময় আসবে তখন তাদেরকে আরো সুনির্দিষ্টভাবে সাড়াপ্রদান করতে বলুন।
 - অংশগ্রহণকারীঃ নিজের উত্তর দেয়ার জন্য অথবা “আমি এটি করবো” অথবা “আপনার যা করা উচিত...” এই সব উত্তর দিতে ব্যস্ত হয়ে পড়বেন না বরং হৃদয় দিয়ে শুনুন যে লোকেরা কি আলোচনা করছে; অংশগ্রহণকারী ও পূর্বের কাহিনী থেকে সাড়াপ্রদান করা ও ধারণার সংযোগ ঘটানোর চেষ্টা করুন। চুপ করে থাকতে ভয় পাবেন না। অনেক সময় যখন আমরা শাস্ত থাকি তখন পরিত্র আত্মা আমাদের সাথে কথা বলেন।
 - নিজেকেঃ এটি আপনার বা আপনি কি জানেন সেই বিষয়ে নয়। আপনার মাথায় যা ঘোরাঘুরি করছে তা একত্রিত করুন এবং অন্যদের মতামত ও সাড়াপ্রদানের সাথে এক্যতা তৈরী করুন। আপনার উত্তর জানতে হবে না-ঈশ্বর যোগাইবেন।

বহুবিধি বুদ্ধিমত্তা

বুদ্ধিমত্তা	শক্তি	শিক্ষা
স্মার্ট বাক্য	<ul style="list-style-type: none"> ● বাক্যের ব্যবহার ● শোনা ● পড়া ও লেখা ● বলা ● মুখ্যস্থ করানো 	<ul style="list-style-type: none"> ● কাহিনীটি বলুন বা পড়ুন ● জার্নাল লেখার ব্যবহার ● আলোচনায় শিক্ষার্থীদেরকে সংযুক্ত করা
স্মার্ট মিউজিক	<ul style="list-style-type: none"> ● মিউজিক ● রিদম/বাদ্য ● পিচ 	<ul style="list-style-type: none"> ● গানের মধ্যে দিয়ে সত্য শেখা ● গান লিখতে উৎসাহ দেয়া ● মনোভাব ঠিক করতে মিউজিকের ব্যবহার
স্মার্ট লজিক/যুক্তিৎসুকি অংক ও নম্বর	<ul style="list-style-type: none"> ● নাম্বার ● যুক্তি সঙ্গত বিষয় ● সংস্থা ● সমস্যার সমাধান 	<ul style="list-style-type: none"> ● যা অধ্যয়ন করা হয়েছে তা বিশ্লেষণ করা ● অনুসন্ধান করা, চিন্তাভ্রমক প্রশ্ন ● শিক্ষণার্থীদেরকে সমস্যা সমাধানে সম্পৃক্ততা
স্মার্ট ছবি	<ul style="list-style-type: none"> ● আর্ট ● অঙ্কন ● কল্পনা ● ছবির ব্যবহার 	<ul style="list-style-type: none"> ● ছবি, পোষ্টার, মানচিত্র এবং ভিডিও ব্যবহার ● শিক্ষণার্থীরা যা বোবোন তা অঙ্কন করা ● আর্ট ও ড্রাফটিং কার্যক্রমের পরিকল্পনা
স্মার্ট দেহঃ শারীরিক অভিজ্ঞতা	<ul style="list-style-type: none"> ● এ্যাথলেটিকস ● নাচ ● হাতের দক্ষতা ● অভিনয় 	<ul style="list-style-type: none"> ● নাটিকা ও চরিত্র অভিনয় করার মধ্যে দিয়ে কাহিনী বলা ● শারীরিক অঙ্গভঙ্গি, খেলাধুলা, নাচ ব্যবহার ● শিক্ষণার্থীরা যা অধ্যয়ন করছে তার একটি মডেল তৈরী করা
স্মার্ট লোকঃ অন্যদের সাথে ক্রিয়া-প্রতিক্রিয়া	<ul style="list-style-type: none"> ● অন্যদের সাথে কাজ করা ● বিকর্ত প্রতিযোগীতা ● অন্যদের প্রয়োজন সম্পর্কে সচেতনতা 	<ul style="list-style-type: none"> ● আন্ত-প্রারম্পরিক শেখার পদ্ধতি ব্যবহার (ছোট দল, ইত্যাদি) ● সার্ভিস প্রজেক্ট করা ● লোকদের মিশ্রণ করা এবং পরিচিত সময় সম্পৃক্ত করা
নিজের স্মার্টনেস / প্রতিফলন	<ul style="list-style-type: none"> ● নিজেকে বোঝা ● অন্তর্দৃষ্টি ● নিজেকে উৎসাহ দেয়া ● ধ্যান করা 	<ul style="list-style-type: none"> ● নিরব ধ্যানের জন্য সময় করা ● স্বাধীন অধ্যয়নের সময় পরিকল্পনা ● একজন অন্যজনকে প্রশ্নের মধ্যে দিয়ে শেখা ● জার্নাল, অঙ্কন
স্মার্ট ন্যাচার/পরিবেশ	<ul style="list-style-type: none"> ● খোলামেলা জায়গা ● পরিবেশের উপাদানগুলো 	<ul style="list-style-type: none"> ● এমন কার্যক্রম যা পরিবেশের সাথে সম্পর্কযুক্ত ● কাহিনী বলার জন্য প্রাকৃতিক /পরিবেশগত জায়গা ব্যবহার ● আলোচনা শুরু করার সময় পরিবেশ থেকে জিনিস ব্যবহার করা

বাইবেলের কাহিনী ব্যবহারের কৌশলের উদাহরণ

(সিস্পলি দ্যা স্টোরী ওয়েবসাইট থেকে সংগৃহিত) The:নিচে

কিছু কৌশলের উদাহরণ দেয়া হলো যা লোকেরা বাইবেল কাহিনী ব্যবহার বা শেখার সময় ব্যবহার করতে পারেন, বিশেষ করে তারা যারা পাঠ প্রস্তুত ও পরিচর্যার ক্ষেত্রে লিখিত ভাবে প্রস্তুতি নেয়ার অভিজ্ঞতা আছে। কিছু কিছু চালেঙ্গ আছে কন্টেন্টের কারণে আবার অন্যান্যগুলো হলো আমরা যে প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহার করি তার কারণে। প্রত্যেকেই যে এই কৌশলগুলো ব্যবহার করবে এমন নয় তবে বেশিরভাগ লোক তা করবেং।

১. তথ্য দেয়ার ক্ষেত্রে লেকচার পদ্ধতি ব্যবহার না করে প্রশ্ন ব্যবহার করা
২. প্রশ্ন ব্যবহার করে প্রশ্নের উত্তর দেয়া
৩. শিক্ষকই প্রধান ফোকাস বা কেন্দ্রবিন্দু নয়; ঈশ্বরের বাক্যই হচ্ছে প্রধান ফোকাস।
৪. যাদেরকে শিক্ষা দিতে বাতিল বলে ধরা হয়েছে তাদেরকে গভীরভাবে শিক্ষা দিতে দরজা উন্মুক্ত রাখা।
৫. এমন প্রশ্ন ব্যবহার করা যা চিন্তা করতে সাহায্য করে তাহলে পরিব্রত্র আত্মা শিক্ষা দিতে সুযোগ পাবেন।
৬. অগতানুগতিক শিক্ষা পদ্ধতির মধ্যে দিয়ে ভাল ফল অর্জন।
৭. অন্যদেরকে বাইবেলের কাহিনী শিক্ষা দেয়ার জন্য কিছু প্রশিক্ষিত লোক ব্যবহার।
৮. লক্ষ্যগুলো প্রাকৃতিক ফলাফলের দিকে পরিচালিত করে।
৯. যাদেরকে শিক্ষা দেয়া হচ্ছে তাদের দ্বারা শিক্ষকদেরকে প্রভাবিত হতে সুযোগ দান করা।
১০. শিক্ষা দেয়ার ক্ষেত্রে লিখিত উপকরণ অথবা স্পর্শনীয় ডিভাইস ব্যবহারের উন্মুক্ত থাকা।
১১. এমন লোকদেরকে গঠন করুন যারা শ্রীষ্টিয়ান পরিমন্ডলের বাইরে ও ভিতরে উভয় স্থানে পরিচর্যা করতে পারবে।
১২. যখন লোকেরা শিক্ষককে আবিষ্কার করতে পারবে তখন তথ্য দিতে অপেক্ষা করুন।
১৩. তথ্যগুলো বলা যাবে না; প্রশ্ন করার মধ্যে দিয়ে নিজেদের জন্য তথ্য খুঁজে নিতে চেষ্টা করতে বলুন।
১৪. রোমাঞ্চকর আলোচনা হতে পারে, তবে বিষয়বস্তু ও শিষ্ট্যতা নিয়ন্ত্রণ করুন।
১৫. বুদ্ধিমান অংশগ্রহণকারীরা আটকে/ধরে রাখার মূল্য সম্পর্কে জানে, তাই প্রত্যেককে সুযোগ দিন যেন তারা আবিষ্কার করতে পারে।
১৬. শিক্ষকরা শুনতে শিখবেন এবং যাদেরকে তারা পরিচালনা দিচ্ছেন তাদের সাড়াপ্রদানের প্রতি মনোযোগি হবেন।
১৭. বাইবেলের বাইরের কোন তথ্য কাহিনী বা উপকরণ ব্যবহার না করা।
১৮. অক্ষরজ্ঞানসম্পন্ন লোক মৌখিকভাবে পরিচালনা করা শিখবেন।
১৯. লিখিত নোট ছাড়া শাস্ত্রাংশের প্রস্তুতি ও শেয়ার করার দক্ষতা অর্জন।
২০. জীবন পরিবর্তনের জন্য ঈশ্বরের বাক্য ও পরিব্রত্র আত্মার কাজের উপর নির্ভর করা।
২১. একই অনুচ্ছেদের মধ্যে থাকা হচ্ছে সবকিছুর সমন্বয়/একতা।
২২. কাহিনী আলোচনা করার মধ্যে দিয়ে প্রস্তুতি নেয়া সুবিধাজনক কিন্তু মন্তিকের মধ্যে একটি তালিকা প্রস্তুত করা নয়।
২৩. যুবকেরা আত্মিক তথ্য আবিষ্কার করতে পারেন যা অন্যদের কাছে খুবই মূল্যবান।
২৪. অক্ষরজ্ঞানহীন লোকেরাও ঈশ্বরের বাক্য থেকে গভীর আত্মিক সত্য জড়ে করতে পারে।
২৫. কাহিনীর অর্তনির্দেশ সত্য প্রশিক্ষনার্থীকে প্রয়োগ করতে উৎসাহিত করবে।
২৬. যারা শাস্ত্র কেবল জানতে শুরু করেছে বা যাদের শাস্ত্রের সাথে ভাল পরিচয় আছে উভয়েই একে অন্যের কাছ থেকে শেখে।
২৭. আর্থসামাজিক ও পৌত্রাণীক কুসংস্কার তাৎপর্যতা হারায়।
২৮. সেই ধরনের লোক যারা নিজেদেরকে উৎকৃষ্ট ভাবতে শুরু করে তারা অন্যদেরকে ঈশ্বরীয় মূল্যবোধে দেখতে শুরু করেন।
২৯. ধ্যান প্রক্রিয়া/স্বাভাবিকভাবে ঘটতে শুরু করতে পরিচালিত করে।
৩০. একটি ছোট অংশে কি গভীর বিষয় খুঁজে পাওয়া যেতে পারে তা সবাইকে স্বত্ত্বাত্মক করে তোলে।
৩১. অশিক্ষিত লোকেরা সবকিছুকে কঠিন ভাবে ভাবতে পারে।
৩২. বাইবেলের কাহিনী শিক্ষক ও শ্রবনকারীদের গভীরভাবে চিন্তা করতে উৎসাহিত করে।
৩৩. শাস্ত্রাংশের বিষয়বস্তু স্মরণে রাখা মুখ্য করার মতই যুক্তিসংগত ও সহজ!
৩৪. শিক্ষিত ব্যক্তিরা কোন রকম প্রিন্টিং পেজ না দেখেই বাইবেলের অনুচ্ছেদ শিখতে পারে।
৩৫. বাইবেলের কাহিনী ব্যবহার করে লোকেরা সহজেই পরিচালনা দিতে পারে।
৩৬. অংশগ্রহণকারীদের প্রয়োজন অনুসারে প্রশিক্ষণ সিডিউলকে নমনীয় করা।
৩৭. সবকিছু জানেন এমন ভাব না করে বরং শিক্ষককে একজন আগ্রহী শিক্ষনার্থী হিসাবে অভিনয় করা।
৩৮. লোকদেরকে এমনভাবে কাহিনী শিক্ষা দেয়া যেন তারা বিষয়বস্তু মনে রাখে এবং অন্যদের সাথে শেয়ার করে।

কিডস ষ্টোরীবোর্ড প্রশিক্ষণ

ছবিগুলো (ফিগার) কেটে বের করাঃ

- চূড়ান্তরূপে সুন্দর করে কাটার আগে প্রথমে ছবিগুলোর (ফিগার) চারপাশ দিয়ে মোটামুটিভাবে কাটুন।
- এরপর আউটলাইন ধরে সুন্দর করে কেটে ছবিগুলো বের করুন।
- আপনি চাইলে একই সাথে সবগুলো কাহিনী অথবা একটি কাহিনীর ছবিগুলো (ফিগার) কেটে বের করতে পারেন।
- ষ্টোরীবোর্ড ব্যবহার করার আগে আপনার হাতগুলো ধূয়ে ফেলুন যাতে ছবিগুলো (ফিগার) পরিষ্কার থাকে।

ছবিগুলোকে (ফিগার) একত্রিত করাঃ

- যত্নের সাথে করুন যেন উপকরণগুলো দীর্ঘদিন ধরে ব্যবহার করা যায়
- সবগুলো ছবি (ফিগার) একস্থানে রাখুন
- যদি আপনাকে ছবিগুলো কাজের জন্য বাইরে নিতে হয়, যত তাড়াতাড়ি সম্ভব ফিরিয়ে আনুন।
- প্লাষ্টিক ব্যাগে অথবা কাগজের তৈরী খামের ভিতরে ছবিগুলো রাখুন।
- নম্বর অথবা নমুনা অনুসারে সাজিয়ে রাখুন।

প্রস্তুতিঃ

- নিজের সাথে নিজে অনুশীলন করুন, কখনোই শিশুদের সামনে অনুশীলন করবেন না। আপনি নিশ্চয়ই চাইবেন যেন এটিতে একটি চমক থাকে!
- ষ্টোরী বুকলেটটি নিন এবং ছবিগুলো দেখুন যাতে আপনি জানতে পারেন যে ছবিগুলো বোর্ডের কোথায় স্থাপন করতে হবে।
- যখন ছবিগুলো বোর্ডে লাগানো শেষ হবে তখন শেষের দিকের গুলো শুরুর দিকে নিবেন না। যদি আপনি আপনার বাইবেলের উপরের দিকে এগুলোকে স্থাপন করেন, তাহলে আপনার প্রথম ছবিটি থাকবে যা আপনি উপরের দিকে বসাবেন।
যীশু শিশুদের আশীর্বাদ করলেন কাহিনী দ্বারা দৃষ্টান্ত দিন
- শিশুরা আগে কাহিনীর পিছনের চিত্র বোর্ডে লাগাতে পারেন। এটি শিশুদের মধ্যে উভেজনা সৃষ্টি করবে!
যীশু শিশুদের আশীর্বাদ করলেন কাহিনী দ্বারা দৃষ্টান্ত দিন
- আপনি চাইলে শিশুরা যখন ক্লাসে আসবে তখন তাদেরকে ছবিগুলো এগিয়ে দিয়ে সাহায্য করতে বলতে পারেন। তাদেরকে বলুন যেন যখনই আপনি ডাকবেন তখনই তারা সামনে আসার জন্য প্রস্তুত থাকে এবং বোর্ডের উপরে ছবিগুলো লাগায়। এটি সাধারণত সংহতিনাশক ছাত্রছাত্রীদের ক্ষেত্রে কার্যকরী-তাহলে তারা সঠিক ভাবে সাজানো জন্য কাহিনীটি শুনবে।

ইঙ্গিত/সংকেতঃ

- আপনার দৃষ্টিভঙ্গি দিয়ে বোর্ডের দিকে লক্ষ্য করুন। বোর্ডের উপরের দিকে ছোট সাইজের ছবি (ফিগার) রেখে আপনি এভাবে বর্ননা করতে পারবেন যে তারা অনেক দূরের বিষয়বস্তু।
হারানো মেষের দৃষ্টান্ত
- ছবিগুলোকে (ফিগার) বেশি উপরে বা দূরে রাখবেন না। ছবিগুলো সোজা ও লেবেল অনুসারে রাখুন।
লেকদের সংখ্যার দৃষ্টান্ত
- কাহিনীকে বাস্তবিক করে তুলেতে চেষ্টা করুন।
- আপনার কল্পনাশক্তিকে ব্যবহার করুন, সৃজনশীল হোন

বাইবেল কাহিনীর রিসোর্স

আন্তর্জাতিক মিশন বোর্ড (আইএমবি) www.imb.org

- সার্চ লাইনে ষ্টোরিং লিখুন

আন্তর্জাতিক ওরালিটি নেটওয়ার্ক www.internationaloralitynetwork.com

- রিসোর্সেস বা উপাদান
- ফেসবুকঃ ইন্টারন্যাশনাল ওরালিটি নেটওয়ার্ক

স্টিভেন জেমস www.stevenjames.net

- রিসোর্সেস এন্ড ডাউনলোডেবল নেটস (বইঃ ক্রিয়েটিভ ষ্টোরীটেলিং গাইড। ষ্টার্ডার্ড পাবলিকেশন ২০০২)

কিডস এরাউন্ড দ্যা ওয়ার্ল্ড www.kidsaroundtheworld.com

- কিডস ষ্টোরীবোর্ড সেট, কারিকুলাম, ট্রেনিং ম্যাটেরিয়ালস
- ফেসবুকঃ কিডস এরাউন্ড দ্যা ওয়ার্ল্ড; কিডষ্টোরী

মাইকেল নোভেলি

- বইঃ সেপত বাই দ্যা ষ্টোরী। যনতারভার ২০০৮

ওরালিটি স্ট্রাটেজিকস www.oralitystrategies.org

- ষ্টোরী সেটস, ভিডিও, আর্টিকেল
- ফেসবুকঃ ওরালিটি স্ট্রাটেজিকস

রিয়েল লাইফ মিনিস্ট্রিস/নেভপ্রেস www.rlmchurchtraininganddevelopment.com

- বই এবং কারিকুলাম
- ওয়াক ট্রু দ্যা বাইবেল। ষ্টোরী থ্রু দ্যা বাইবেল। ২০১১

সিম্পলি দ্যা ষ্টোরী এবং গড'স ষ্টোরী প্রজেক্ট www.SimplytheStory.com www.gods---story.org

- ট্রেনিং, রিসোর্সেস, এবং ডাউনলোডেবল হ্যান্ডনোট

মার্ক স্লোডেন www.truthsticks.com

- বইঃ ট্রুথ দ্যাট স্টিকস উইন্ড এভেরি উইলস। নেভপ্রেস ২০১০
- ফেসবুকঃ ট্রুথস্টিকস

ক্রিপচার ইন ইউজ www.siutraining.org

- ডাউনলোড মেকিৎ সিইপিল অব ওরাল লার্নার; অনলাইন ট্রেনিং, রিসোর্সেস, আর্টিকেল

সোমা কমিউনিটিস www.somacommunities.org/soma---school

- ট্রেনিং, কারিকুলাম

ষ্টোরিং ফর ট্রেনিংঃ www.storyingt4t.ning.com

ট্রেনিং ম্যান্যাল এন্ড ষ্টোরী শিশুদেরকে শিষ্য করে গঠন করতে প্রশিক্ষণ ম্যান্যাল ও কাহিনী (ষ্টোরী ফর কিডস)

ষ্টোরী ফর অল www.story4all.com

- সামাজিক পদকাস্টঃ ষ্টোরী ফর অল অন আইটিউনস

জন ওয়ালস www.bibletelling.com

- ট্রেনিং, কারিকুলাম (বুকঃ দ্যা আর্ট অব ষ্টোরীটেলিং। মুডি পাবলিসার্স। ২০০৩)
- ফেসবুকঃ বাইবেল টেলিং



মূল্যায়ন ফর্ম

তারিখঃ _____ স্থানঃ _____ নির্দেশকঃ _____

যে কোন একটিতে গোল চিহ্ন দিনঃ

উপস্থাপনা	খারাপ	মোটামুটি	মধ্যমান	ভাল	খুব ভাল
অনুশীলনের সময়	খারাপ	মোটামুটি	মধ্যমান	ভাল	খুব ভাল
অনুশীলন করার ক্লাসের সমতা	খারাপ	মোটামুটি	মধ্যমান	ভাল	খুব ভাল
উপকরণ / সরঞ্জাম	খারাপ	মোটামুটি	মধ্যমান	ভাল	খুব ভাল

এই ওয়ার্কশপে কোনটি সবচেয়ে বেশি উপকারী ছিল?

আপনি কি পরিবর্তন দেখতে চান? এমন কিছু কি আছে যার সম্পর্কে আপনি আরো বেশি তথ্য চান বা সেটি নিয়ে বেশি অনুশীলনে সময় কাটাতে চান?

আপনার এলাকা / সম্প্রদায়ের শিশুদেরকে জয় করতে অন্য আর কি ধরনের ওয়ার্কশপ/উপকরণ প্রয়োজন?

পরবর্তী সপ্তাহে কার কাছে আপনি বাইবেলের কাহিনী বলবেন অথবা কাকে আপনি বাইবেলের কাহিনী শিক্ষা দিবেন?

অন্যান্য আর কোন মন্তব্য?



kids around the world

2424 Charles St
Rockford, IL 61108

www.kidsaroundtheworld.com